আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

ইসরাইলের বিরুদ্ধে যুদ্ধ শেষ হয়নি- খালেদ মিশাল

বাংলা পত্রিকা ডেস্কঃ ফিলিস্তিনের ইসলামি প্রতিরোধ আন্দোলন হামাসের সাবেক প্রধান খালেদ মিশাল হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, ইসরাইলের বিরুদ্ধে যুদ্ধ শেষ হয়নি বরং ফিলিস্তিনের **(বাকি অংশ ৪ পাতায়)**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ৩৬ || সোমবার || জৈষ্ঠ্য ১৭ || ১৪২৮ || শাওয়াল ১৯ || ১৪৪২ || Vol. 25 || Issue 36 || 31 May || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

www.banglapatrikausa.com





দুই গবেষকের বিস্ফোরক তথ্য প্রকাশ

করোনা ভাইরাসের হোতা চীনা বিজ্ঞানী

বাংলা পত্রিকা ডেস্কঃ নানা অভিযোগে বলা হয়েছে, চীনের উহানে একটি গবেষণাগারে সৃষ্টি করা হয়েছে করোনা ভাইরাস। এ নিয়ে পাল্টাপাল্টি নানা কথা প্রচলিত। কিন্তু এবার বৃটেনের প্রফেসর অ্যাঙ্গাস ডালগলেইশ এবং নরওয়ের বিজ্ঞানী ড. বারগার সোরেনসেন তাদের গবেষণায় বিস্ফোরক তথ্য দিয়েছেন। তারা বলেছেন, করোনা ভাইরাস প্রাকৃতিক নয়। এই ভাইরাস সৃষ্টি করেছেন চীনা বিজ্ঞানীরা। পরে তারা একে ধামাচাপা দেয়ার চেষ্টা করেছেন। নতুন এই গবেষণায় বিজ্ঞানীরা বলেছেন, তারা কোভিড-১৯ এর নমুনায় ব্যতিক্রমী ফিঙ্গারপ্রিন্ট পেয়েছেন। তারা ধারণা করছেন, এটা শুধু একটি ল্যাবরেটরি থেকে আসতে পারে। লন্ডনের অনলাইন ডেইলি মেইল এ খবর দিয়েছে। ওই দুই বিজ্ঞানীর গবেষণা প্রকাশ হওয়ার কথা কোয়ার্টারলি রিভিউ অব বায়োফিজিক্স ডিসকভারি'তে। তার আগেই ২২ পৃষ্ঠার নতুন এই গবেষণাকর্মের পেপার হাতে পেয়েছে ডেইলি মেইল। এতে দেখা যায়, এই দুই বিজ্ঞানী বলেছেন, উহানের একটি 'গেইন অব ফাংশন' প্রকল্প নিয়ে কাজ করার সময় করোনা ভাইরাস **(বাকি অংশ ৪ পাতায়)**

করোনা ভাইরাস নিয়ে ড. ফাউচির বিরুদ্ধাচরণ চীনা মিডিয়ার

বাংলা পত্রিকা ডেস্কঃ- যুক্তরাষ্ট্রের শীর্ষ সংক্রামক ব্যাধি বিশেষজ্ঞ ড. অ্যান্থনি ফাউচিকে নিয়ে এতদিন কড়া সমালোচনা করেছেন **(বাকি অংশ ৩৯ পাতায়)**

করোনার উৎস ৯০ দিনের মধ্যে জানাতে নির্দেশ বাইডেনের

বাংলা পত্রিকা ডেস্কঃ কোভিড-১৯ এর উৎস এখনও প্রশ্নহীনভাবে শনাক্ত করা সম্ভব হয়নি। কেউ বলছেন চীনের উহানের ল্যাব থেকে এর উৎপত্তি। কেউ বলছেন প্রাণী থেকে এর সূচনা। এ বিষয়ে সঠিক তথ্য ৯০ দিনের মধ্যে জানাতে গোয়েন্দাদের নির্দেশ **(বাকি অংশ ৪ পাতায়)**

সিলেটে ভূমিকম্পে হেলে পড়লো বহুতল ২ ভবন

বাংলা পত্রিকা ডেস্কঃ কয়েক দফা ভূমিকম্পের পর সিলেট নগরীর পণিটুলা এলাকায় দুটি বহুতল ভবন হেলে পড়ার সংবাদে রাতের মধ্যেই লোকজন সরিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছে সিলেট **(বাকি অংশ ৪ পাতায়)**

বৃটেনে ইতিহাস গড়লেন বাংলাদেশী হাবিবুর



বাংলা পত্রিকা ডেস্কঃ- বৃটেনে নতুন এক ইতিহাস গড়লেন বাংলাদেশি বংশোদ্ভূত হাবিবুর রহমান। ৮০০ বছরের ইতিহাসে নিউক্যাসেলে প্রথম কোনো অশ্বেতাঙ্গ হিসেবে লর্ড মেয়র পদে নিয়োগ দেয়া হয়েছে তাকে। **(বাকি অংশ ৪ পাতায়)**

যুক্তরাষ্ট্রে করোনায় মৃত্যু ছাড়িয়েছে ৬ লাখ

বাংলা পত্রিকা ডেস্কঃ বিশ্বব্যাপী করোনার ছোবলের শুরু থেকেই বিপর্যস্ত বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর দেশ যুক্তরাষ্ট্র। করোনায় আক্রান্ত ও মৃত্যু দুই পরিসংখ্যানেই সবার ওপরে পশ্চিমা **(বাকি অংশ ৪ পাতায়)**

মুসলমান ছাড়া অন্যদের নাগরিকত্ব দেবে ভারত

বাংলা পত্রিকা ডেস্কঃ- মুসলমান ছাড়া সব ধর্মের লোকদের নাগরিকত্ব দেয়ার ঘোষণা দিয়েছে ভারত। শুক্রবার ভারতের **(বাকি অংশ ৩৯ পাতায়)**

অবৈধ অভিবাসী কমাতে বৃটেনে ডিজিটাল ভিসার পরিকল্পনা

বাংলা পত্রিকা ডেস্কঃ যেসব অভিবাসী বৃটেনে নির্দিষ্ট মেয়াদের অতিরিক্ত সময় অবস্থান করবেন তাদেরকে স্বয়ংক্রিয়ভাবে জাতীয় **(বাকি অংশ ০৪ পাতায়)**

বিএনপি নেতাদের সরকার এলএসডি খাইয়ে দিয়েছে-ডা. জাফরুল্লাহ

বাংলা পত্রিকা ডেস্কঃ- গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী বলেছেন, বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মুক্তির জন্য দলটির রাজপথে নামা উচিত। **(বাকি অংশ ৯ পাতায়)**

ভূমিকম্পঃ ১২টি বিস্ময়কর তথ্য

বাংলা পত্রিকা ডেস্কঃ সারা বিশ্বেই বড বড ভূমিকম্প আঘাত হানে। ভূমিকম্প হয় বাংলাদেশেও। সম্প্রতি এধরনের ভূমিকম্পের সংখ্যাও বেড়ে গেছে। ভূমিকম্প হলে তার পরপরই এনিয়ে নানা **(বাকি অংশ ৪ পাতায়)**

যুবকের প্রাণ বাঁচিয়ে প্রশংসায় ভাসছেন রিফাত

বাংলা পত্রিকা ডেস্কঃ- যুক্তরাজ্যের ওয়েলসে একটি রেস্টুরেন্টে গ্রাহকের প্রাণ বাঁচিয়ে প্রশংসায় ভাসছেন বাংলাদেশি **(বাকি অংশ ৩৯ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. B03152
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email : apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
QA TEK SOLUTIONS
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
BI Developer with Power BI & SQL Server
We provide guaranteed job assistance
No IT experience required
Interactive courses
Weekend classes
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company
NY (929) 601-8565 NY (347) 658-9284
167-11 Hillside Avenue # 2a, Jamaica, NY 11434
admin@qateksolutions.com www.qateksolutions.com

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
Ferdous Khan
Real Estate Licensed
Sales Assoricate
76-26 Broadway,
Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেভ $689+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
বাক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(বিস্তারিত দেখুন ৯ পাতায়)
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office

72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika


৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika // Monday // May 31 // 2021

প্যাটারসন পুলিশে কর্মরত বাংলাদেশী ইশতিয়াকের ইন্তেকাল



বাংলা পত্রিকা ডেস্ক: সিলেট জৈলার গোলাপগঞ্জ থানার ঢাকা দক্ষিণ বাজারের সাবেক ব্যবসায়ী, যুক্তরাষ্ট্রে বসবাসরত আব্দুল মুতলিবের পুত্র ইশতিয়াক মুতলিব ইন্তেকাল করেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজেউন। গত ২২ মে শনিবার বিকেলে নিউইয়র্কের আপস্টেটে এক মোটরসাইকেল দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন ইশতিয়াক মুতালিব। তিনি যুক্তরাষ্ট্রের নিউজার্সীর পুলিশ বিভাগে কর্মরত ছিলেন। তার মৃত্যুর খবর নিশ্চিত করেন প্যাটারসন সিটির দ্বিতীয় ওয়ার্ডের কাউন্সিলম্যান শাহীন খালিক। ইশতিয়াক মুতলিবের অকাল মৃত্যুতে প্রবাসী বাংলাদেশী কমিউনিটিতে শোকের ছায়া নেমে আসে। এদিকে ইশতিয়াক মুতলিবের অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন কাউন্সিলম্যান শাহীন খালিক। এক শোকবার্তায় তিনি মরহুমের আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। উল্লেখ্য, ইশতিয়াক মুতলিবকে পুলিশে নিয়োগ দিয়েছিলেন শাহীন খালিক।



এলডিসি-৫ প্রস্তুতিমূলক সভার থিমেটিক আলোচনায় রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

এলডিসি থেকে উত্তরণ টেকসই করতে প্রয়োজন সাহসী, উদ্ভাবনী, উন্নত ও সমন্বিত সহায়তা পদক্ষেপ

নিউইয়র্ক: স্বল্পোন্নত দেশের ক্যাটেগরি থেকে উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলোর উত্তরণকে টেকসই করতে উন্নয়ন সহযোগী দেশ ও গ্রুপ এবং জাতিসংঘসহ সংশ্লিষ্ট অন্যান্য আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থার সাহসী, উদ্ভাবনী, উন্নত ও সমন্বিত সহায়তা পদক্ষেপ প্রয়োজন। বুধবার (২৬ মে) জাতিসংঘ সদরদপ্তরে চলমান এলডিসি-৫ প্রস্তুতিমূলক সভায় অংশ হিসেবে আয়োজিত এক ভার্চুয়াল থিমেটিক আলোচনা অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। "উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলোর জন্য উন্নত সহায়তা পদক্ষেপ" শীর্ষক এই আলোচনা অনুষ্ঠানটি যৌথভাবে আয়োজন করে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন; জাতিসংঘের কমিটি ফর ডেভোলপমেন্ট পলিসি (ইউএন-সিডিপি) ও স্বল্পোন্নত দেশ, ভূ-বেষ্টিত উন্নয়নশীল দেশ এবং উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্রসমূহের জন্য নিযুক্ত জাতিসংঘের উচ্চ প্রতিনিধির কার্যালয়।

রাষ্ট্রদূত ফাতিমা বলেন, কোভিড-১৯ এর কারণে এলডিসি থেকে উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলি এজেন্ডা-২০৩০ বাস্তবায়নে ব্যাপক চ্যালেঞ্জের মুখে পড়েছে। এমন সঙ্কটময় পরিস্থিতিতে দেশগুলোর বাণিজ্য, মেধাস্বত্ব অধিকার ও বিনিয়োগের ক্ষেত্রে 'টেকসই উত্তরণ সহায়তা সুবিধাদি (এসজিএসএফ)' এর মতো নতুন ও উন্নত সহায়তা কাঠামোর বাস্তবায়ন করা প্রয়োজন।

বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি প্রত্যাশা ব্যক্ত করেন যে জাতিসংঘসহ 'ইন্টার-এজেন্সি টাস্ক ফোর্স (আইএটিএফ)' এসকল দেশগুলোর চ্যালেঞ্জ মোকাবিলায় যুৎসই ধারণা নিয়ে আসবে যা উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলোর টেকসই উত্তরণ নিশ্চিত করবে এবং তাদেরকে পিছলে পড়ার ঝুঁকি থেকে রক্ষা করবে।

কাতারে ২০২২ সালে অনুষ্ঠিতব্য জাতিসংঘের পঞ্চম এলডিসি সম্মেলনের সফলতা ঘরে তুলতে প্রস্তুতিমূলক কমিটির চলমান এই সভা তাৎপর্যপূর্ণ অবদান রাখবে বলে আশা প্রকাশ করেন এলডিসি-৫ এর প্রস্তুতিমূলক সভার কো-চেয়ার রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। তিনি আরও বলেন, প্রস্তুতি কমিটির এ সভাসমূহের মাধ্যমে আন্তর্জাতিক সম্প্রদায় ও উন্নয়ন অংশীদারগণ উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলোর জন্য কোভিড-১৯ এর চ্যালেঞ্জসহ উত্তরণের অন্যান্য চ্যালেঞ্জ মোকাবিলায় যথোপযুক্ত সহায়তা পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

আলোচনা অনুষ্ঠানটিতে অংশ নেন সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) এর পরিচালক তাফিরি টেসফাসিউ এবং ড. দেবপ্রিয় ভট্টাচার্য। জনাব তাফিরি এজিএসএফ এর বিস্তারিত বিষয় এবং ড. দেবপ্রিয় উত্তরণের পথে থাকা দেশগুলোর নিবিড় পর্যবেক্ষণ প্রক্রিয়া নিয়ে তাৎপর্যপূর্ণ আলোচনা করেন।

ইভেন্টটিতে স্ব স্ব দেশের উত্তরণ পরবর্তী অভিজ্ঞতা ও চ্যালেঞ্জসমূহ তুলে ধরেন মালদ্বীপের জাতীয় পরিকল্পনা, গৃহায়ন ও অবকাঠামো বিষয়ক মন্ত্রী মোহাম্মদ আসলাম এবং ভানুয়াতুর প্রধানমন্ত্রী কার্যালয়ের মহাপরিচালক গ্রিগরি নিম্বটিক।

আলোচনায় অংশ নেনস্বল্পোন্নত দেশ, ভূ-বেষ্টিত উন্নয়নশীল দেশ এবং উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্রসমূহের জন্য নিযুক্ত জাতিসংঘের উচ্চ প্রতিনিধির কার্যালয়ের পরিচালক ও আইএটিএফ এর সভাপতি; ইউরোপীয় ইউনিয়ন কমিশনের উপ-ইউনিট প্রধান, আইটিইউ-এর ডেপুটি সেক্রেটারি জেনারেল। বক্তব্য রাখেন বাংলাদেশ, লাওস ও জিবুতিতে নিযুক্ত জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী ও তাদের প্রতিনিধিবর্গ। স্বত:স্ফুর্ত আলোচনা পর্বে অংশ নেন জাতিসংঘে নিযুক্ত লাওস, নেপাল ও ভূটান স্থায়ী মিশনের প্রতিনিধিবর্গ। জাতিসংঘের সদস্য দেশসমূহের উল্লেখযোগ্য সংখ্যক কূটনীতিক এবং জাতিসংঘ সদরদপ্তর, এর সহযোগী সংস্থা ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিবর্গ ইভেন্টটিতে অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, গত ২৪ মে জাতিসংঘ সদরদপ্তরে শুরু হওয়া

জাতিসংঘের পঞ্চম এলডিসি কনফারেন্সের জন্য উচ্চভিলাসী ও রূপান্তরধর্মী এজেন্ডা সৃষ্টিতে নেতৃত্ব দিলো বাংলাদেশ ও কানাডা

নিউইয়র্ক: জাতিসংঘ সদরদপ্তরে জাতিসংঘের পঞ্চম এলডিসি সম্মেলন-এর প্রস্তুতিমূলক কমিটির সভা সোমবার (২৪ মে) অনুষ্ঠিত হয়। সভাটি যৌথভাবে আহ্বান করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা এবং জাতিসংঘে নিযুক্ত কানাডার স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত বব রে। এবছর ফেব্রুয়ারী মাসে সম্মেলনটির আয়োজন উপলক্ষে অনুষ্ঠিত সভায় দেশ দুইটির স্থায়ী প্রতিনিধিদ্বয়কে যৌথ সভাপতি হিসেবে নির্বাচিত করা হয়। উল্লেখ্য, স্বল্পোন্নত দেশসমূহের পঞ্চম সম্মেলন ২০২২ সালের জানুয়ারী মাসে কাতারের রাজধানী দোহায় অনুষ্ঠিত হবে। ধারণা করা হচ্ছে ২০২২ সালে অনুষ্ঠিতব্য পঞ্চম এলডিসি কনফারেন্সটি হবে জাতিসংঘের অন্যতম বৃহৎ সম্মেলন। এই সম্মেলনে এলডিসি'র পরবর্তী কর্মসূচির জন্য একটি নতুন বৈশ্বিক কম্প্যাক্ট গৃহীত হবে যা দেশগুলির আশু ও দীর্ঘমেয়াদী কাঠামোগত উভয় ধরণের সমস্যার সমাধানে ভূমিকা রাখবে বলে আশা করা যাচ্ছে। সম্মেলনটির কো-চেয়ার হিসেবে টেকসই উত্তরণ ও উত্তরণের জন্য আন্তর্জাতিক সহায়তা পদক্ষেপসহ বেশকিছু অগ্রাধিকারমূলক বিষয় এগিয়ে নেওয়ার ক্ষেত্রে বাংলাদেশের তাৎপর্যপূর্ণ সুযোগ সৃষ্টি হবে। উল্লেখ্য জাতিসংঘ এ বছর ফেব্রুয়ারি মাসে বাংলাদেশকে স্বল্পোন্নত দেশের ক্যাটেগরি থেকে চূড়ান্ত উত্তরণের স্বীকৃতি দেয়।



স্বল্পোন্নত দেশসমূহের বৈশ্বিক সভাপতি হিসেবে মালাওয়ি'র রাষ্ট্রপতি ম্যাককার্থি চাকওয়েরা ইভেন্টটিতে ভার্চুয়ালভাবে যোগদান করেন এবং কী-নোট স্পিকার হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া কী-নোট স্পিকার হিসেবে আরও বক্তব্য রাখেন সম্মেলনটির স্বাগতিক দেশ কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী সুলতান বিন সাদ্ আল-মুরাইখি। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি ভলকান বজ্‌কির, আন্ডার সেক্রেটারি জেনারেল আমিনা জে. মোহাম্মদ, ওইসিডি'র উন্নয়ন সহায়তা কমিটির সভাপতি মিজ্ সুজানা মুরিহেড এবং জাতিসংঘের স্বল্পোন্নত দেশ, ভূবেষ্টিত উন্নয়নশীল দেশ ও উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্রসমূহের দায়িত্বপ্রাপ্ত জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল মিজ্ ফেকিতামইলোয়া কাটোয়া উতয়কামানু।

ইভেন্টটির আজকের প্রথম সেশনের সাধারণ বিতর্ক পর্বে বিপুল সংখ্যক জাতিসংঘ সদস্যরাষ্ট্রের প্রতিনিধিবর্গ বক্তব্য রাখেন। কোভিড-১৯ অতিমারির প্রভাবে স্বল্পোন্নত দেশসমূহ যেসকল মারাত্মক পরিণতির মধ্য দিয়ে যাচ্ছে তা উঠে আসে সাধারণ বিতর্ক পর্বের আলোচনায়। এলডিসি'র দেশসমূহের জন্য উচ্চভিলাষী আগামী ১০ বছরের কর্মসূচির প্রতি একাত্মতা ও অংশীদারিত্ব প্রদর্শন করেন বক্তাগণ।

কোভিড-১৯ এর বহুমাত্রিক চ্যালেঞ্জ এর উদাহরণ টেনে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, এখন স্বল্পোন্নত দেশসমূহের জন্য সর্বোচ্চ প্রাধিকার হচ্ছে কোভিড-১৯ এর টিকার সহজ ও বাধাহীন প্রাপ্তি। তিনি জোর দিয়ে বলেন, "যদি টিকার বিষয়টি এখনই সমাধান করা না হয় তবে সামনের বছরগুলোতে স্বল্পোন্নত দেশসমূহ তীব্র মানবিক ও অর্থনৈতিক দূরবস্থার মধ্যে নিপতিত হবে"।

এলডিসি থেকে উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলোর জন্য প্রণোদনা-ভিত্তিক উত্তরণ প্যাকেজের প্রয়োজনীয়তার উপর জোর দেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি। তিনি বলেন, এটি করা না হলে কোভিড-১৯ এর প্রভাব এবং এলডিসি সংশ্লিষ্ট সহায়তা পদক্ষেপের অভাবে দেশগুলির নিচের ধাপে পিছলে পড়ার ঝুঁকি রয়েছে। অন্যান্য বিষয়গুলোর মধ্যে স্বল্পোন্নত দেশসমূহ দারিদ্র্য ও অসমতা, বাণিজ্য, জলবায়ু পরিবর্তন, বৈদেশিক ঋণ, অভিবাসন ও রেমিট্যান্স বিষয়ক যে সকল বহুমূখী চ্যালেঞ্জ ও নাজুক পরিস্থিতি মোকাবিলা করছে তা তুলে ধরেন রাষ্ট্রদূত ফাতিমা।

কাতারের দোহায় ২০২২ সালের জানুয়ারিতে অনুষ্ঠিতব্য এলডিসি-৫ সম্মেলনকে সাফল্যমন্ডিত করতে প্রস্তুতিমূলক কমিটির এই সপ্তাহব্যাপী সভা প্রয়োজনীয় কর্মপন্থা নির্ধারণ করবে। -প্রেস বিজ্ঞপ্তি।



শৈলীতে শুরু হচ্ছে টেবিল টেনিস লীগ

স্পোর্টস ডেস্ক: নিউইয়র্কের পরিচালিত টেবিল টেনিস ক্লাব শৈলী সম্প্রতি যুক্তরাষ্টের জাতীয় টেবিল টেনিস পরিচালনাকারী সংস্থা ইউএসএটিটি থেকে লীগ আয়োজনের অনুমতি পেয়েছে। শুধুমাত্র ইউএসএটিটি তালিকাভুক্ত খেলোয়াড়রা এই লীগে অংশ নিতে পারবেন। ক্লাবের প্রতিষ্ঠাতা ও সভাপতি মোকাররম আহমেদ জানান, আগামী জুন মাস থেকে শুরু হওয়া এই লীগের ম্যাচগুলি কভিড-১৯ সুরক্ষা বিধি এবং প্রোটোকল অনুসারে পরিচালিত হবে। ইমতিয়াজ চৌধুরী ও ড্যানিয়েল লিম তার সাথে লীগের কার্যক্রম পরিচালনা করবেন। বর্তমানে এই ক্লাবে ষাটের বেশি সদস্য রয়েছেন এবং তাদের বেশিরভাগই বাংলাদেশী-আমেরিকান। এছাড়াও ক্লাবটি বাচ্চাদের জন্য একটি কোচিং প্রোগ্রাম পরিচালনা করছে। তিনি বাংলাদেশী-আমেরিকান টেবিল টেনিস প্রেমীদেরকে ক্লাবে যোগদান করার আহবান জানান।





বৃটেনে ইতিহাস গড়লেন বাংলাদেশি বংশোদ্ভূত হাবিবুর

(প্রথম পাতার পর)

বুধবার এ দায়িত্ব আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেছেন তিনি। এ সময় বক্তব্যে তিনি পিতামাতার প্রতি অসীম শ্রদ্ধা প্রকাশ করেন। সব ধর্ম, বর্ণ, গোত্রের মানুষের জন্য সমান কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিরা হাবিবুর রহমানের প্রশংসায় পঞ্চমুখ। এ খবর দিয়েছে বৃটেনের অনলাইন ক্রনিক্যাল লাইভ। হাবিবুর রহমান মাত্র ১২ বছর বয়সে ১৯৮৫ সালে পিতামাতা ও ৬ ভাইয়ের সঙ্গে বাংলাদেশ ছেড়ে বৃটেনের টাইনসাইডে চলে যান। তখন তিনি ইংরেজি বলতেই পারতেন না। অথচ তিনি এখন এলসউইকের নির্বাচিত কাউন্সিলর। নিউক্যাসলে লর্ড মেয়র পদে তিনি ডেভিড কুকের স্থলাভিষিক্ত হয়েছেন। তার এ নিয়োগ এক বছর বিলম্বিত হয়েছে করোনা ভাইরাসের কারণে। বার্ষিক জেনারেল মিটিংয়ে তিনি নিউক্যাসল সিটি কাউন্সিলে এ পদে আনুষ্ঠানিকভাবে নির্বাচিত হন। তিনি বিরোধী লেবার দলের সমর্থক। দুই বছর নিউক্যাসেল শেরিফ এবং ডেপুটি মেয়র হিসেবে দায়িত্ব পালন করেছেন হাবিব। মেয়র হিসেবে দায়িত্ব নেয়ার পরই তিনি গভীর আবেগঘন বক্তব্য রেখেছেন। এ সময়ে তিনি উৎসাহ দেয়ার জন্য তার মায়ের প্রতি শ্রদ্ধা প্রকাশ করেছেন। সরাসরি তার প্রয়াত পিতা আজিজুর রহমানকে নিয়ে বক্তব্য রেখেছেন। ১৯৭৭ সালে তার পিতা আজিজুর উন্নত জীবনের সন্ধানে ওই শহরে যান। তিনি কাজ করতেন ওয়ালসেন্ড রেস্তোরাঁয়। সেখানে একজন শ্বেতাঙ্গ কাস্টমারকে দেয়া কারি'র পরিমাণ পছন্দ না হওয়ার কারণে, ওই কাস্টমার তাকে ছুরিকাঘাত করে। এতে মাত্র ১০দিন পরেই মারা যান আজিজুর রহমান। আনুষ্ঠানিকভাবে দায়িত্ব নেয়ার সময় হাবিবুর রহমান তার সহকর্মীদের বলেছেন, নিউক্যাসেলে তার শৈশবের দিনগুলো বাধাগ্রস্ত হয়েছিল নিষ্ঠুর বর্ণবাদে। একজন এশিয়ান মুসলিম হিসেবে এই শহরে তার যে অভিজ্ঞতা তা থেকে তিনি দৃঢ় প্রতিজ্ঞা নেন, বৈষম্যকে একদিন পরাজিত করবেন। হাবিবুর রহমানের বয়স ৪৭ বছর। নিজের নিয়োগ নিয়ে তিনি বলেছেন, এটা আমার জীবনের সবচেয়ে গর্বের মুহূর্তগুলোর একটি। এ সময়ে তিনি তার দায়িত্বকে ব্যবহার করে অন্যের প্রতি শ্রদ্ধা, সহনশীলতা এবং সমতাকে সমুন্নত রাখার প্রত্যয় ঘোষণা করেন। আনুষ্ঠানিকতা শেষে তিন সন্তানের পিতা হাবিবুর বলেন, এভাবেই ইতিহাস নির্মিত হয়। এই ইতিহাস আরো আগে হওয়া উচিত ছিল। তা সত্ত্বেও এই দায়িত্ব নিয়ে এই শহরকে সব ধর্ম, বর্ণ, জাতি এবং লিঙ্গের মানুষদের জন্য অবাধ ও উন্মুক্ত করণ নিশ্চিত করতে হবে। আমি এটা অনুমোদন করবো। আমি ঘৃণাপ্রসূত অপরাধ এবং যেকোনো রকম বর্ণবাদকে চ্যালেঞ্জ জানাই এবং নিন্দা জানাই। ১২১৬ সালে নিকোলাসের ছেলে ডানিয়েলের পর থেকে মেয়র পেয়েছেন নিউক্যাসেলবাসী। কিন্তু ১৯০৬ সালের আগে সেখানে লর্ড মেয়রের পদ সৃষ্টি করা হয়নি। ওই সময় ষষ্ঠ কিং এডওয়ার্ড একটি ডিক্রি জারি করে এই পদ সৃষ্টি করেন। কেন দায়িত্ব গ্রহণের বক্তব্যে সরাসরি নিজের পিতাকে নিয়ে বক্তব্য রেখেছেন? এ প্রশ্নের জবাবে হাবিবুর রহমান বলেছেন, আমি বলতে চেয়েছি যে, তাকে আমরা সবাই খুব মিস করছি। তার কাছে আমরা এই বার্তা দিতে চাই যে, তিনি ১৯৭৭ সালে যে বর্ণবাদী শহর দেখেছিলেন, নিউক্যাসেল এখন আর তেমন নেই। এখন এ শহর নিরাপদ। সহিষ্ণু। এই ধারা গড়ে তুলেছে বিভিন্ন প্রতিষ্ঠান এবং ব্যক্তি। সম্ভবত তার অনেকটা শুরু হয়েছে আমার পিতার মৃত্যুর পর। আমি আমার পিতাকে বলতে চাই যে, আমাদেরকে নিয়ে তার এখন ভীত হওয়ার কিছু নেই। তিনি যখন এই শহর ছেড়ে গেছেন, এই শহর এখন তার চেয়ে অনেক উন্নত। বর্ণবাদ বিরোধী গ্রুপ শো রেসিজম দ্য রেড কার্ড (এসআরটিআরসি) এবং ব্যাক লাইভস ম্যাটার আন্দোলনের সঙ্গে জড়িত একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি হাবিবুর রহমান। বুধবার তার দায়িত্ব গ্রহণের অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন নিউক্যাসেল ইউনাইটেডের সাবেক তারকা ও এসআরটিআরসির প্রতিষ্ঠাতা সদস্য জন বেরেসফোর্ড। তিনি বলেছেন, ১৯৯৮ সাল থেকে এসআরটিআরসির একজন ব্যতিক্রমী সমর্থন হাবিবুর রহমান। বৃটেনে বর্ণবাদ বিরোধী শিক্ষা বিষয়ক দাতব্য সংস্থা গড়ে তোলার ক্ষেত্রে তিনি আমাদেরকে সহযোগিতা করেছেন। নিউ ক্যাসেলের লর্ড মেয়র হিসেবে তিনি নতুন দায়িত্ব নিয়েছেন। তাকে পাশে রেখে আমরা অর্থসংগ্রহের নতুন ব্যতিক্রমী উদ্যোগ নেবো। তা নিয়ে আলোচনা হবে। এসআরটিআরসির প্রেসিডেন্ট শাকা হিসলোপ বলেছেন, হাবিবুর রহমানের রাজনীতিতে উত্থান দেখে বাস্তবেই গর্ব বোধ হচ্ছে। যারা খুব অভাবে তাদেরকে সমর্থনে হাবিব সমসময়ই এগিয়ে গেছেন। শো রেসিজম দ্য রেড কার্ড উদ্যোগে কাজের মাধ্যমে আমি হাবিবকে চিনতে পেরেছি। আর সেই সুবাদে এই ইতিহাস রচনা হতে দেখছি। এই শহরের প্রতি আমাদের সবার ভালবাসা আছে। সম্মান আছে। লেবার দলের কাউন্সিলর ইরিম আলি নিউক্যাসেল নিয়ে অসীম শ্রদ্ধা ও আবেগ প্রকাশ করতে গিয়ে কেঁদে ফেলেন। তিনিই আনুষ্ঠানিকভাবে লর্ড মেয়র হিসেবে হাবিবুর রহমানকে মনোনয়ন দিয়েছিলেন। শহরের লেবার নেতা এবং কাউন্সিলর নিক ফোরবিস বলেছেন, হাবিবুর রহমানকে নিয়োগ দেয়ার মাধ্যমে নিউক্যাসেল এবং আমাদের মূল্যবোধের বিষয়ে শক্তিশালী বার্তা দেয়া হয়েছে। প্রচলিত মেয়রাল চেইনে এখন আমরা বিভিন্ন সম্প্রদায়ের লোকদের একত্রিত করছি। আমরা তাদেরকে বন্ধুত্বের এবং গর্বের বন্ধনে একত্রিত করছি। উল্লেখ্য, এখন শেরিফ ও ডেপুটি মেয়রের দায়িত্ব যাবে দীর্ঘদিনের লিবারেল ডেমোক্রেট দলের কাউন্সিলর অনীতা লোয়ারের হাতে।



অবৈধ অভিবাসী কমাতে বৃটেনে ডিজিটাল ভিসার পরিকল্পনা

(প্রথম পাতার পর)

স্বাস্থ্যসেবার (এনএইচএস) আওতা থেকে বাইরে রাখা হবে। তারা কাজ করার অধিকার হারাবেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ডিজিটাল ভিসার যে পরিকল্পনা করছে তার সুবিধা ভোগ করা থেকে বঞ্চিত হবেন। ডিজিটাল ভিসা করার মাধ্যমে বিভিন্ন সেবা, সুবিধা এবং কাজ করার ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করা হবে। এমনই একটি নতুন ভিসা চালু করার পরিকল্পনা করছে সরকার। এ খবর দিয়েছে অনলাইন ডেইলি মেইল। এই পরিকল্পনায় ডাটা সম্পন্ন হয়ে গেলে তা বিভিন্ন ডিপার্টমেন্ট এবং তৃতীয় পক্ষ যেমন নিয়োগকারীদের সঙ্গে শেয়ার করা হবে। ফলে অবৈধ অভিবাসী কমিয়ে আনা সম্ভব হবে বলে মনে করছে সরকার। সরকারের এই পরিকল্পনা প্রকাশ করা হয়েছে সোমবার। এতে বলা হয়েছে, ডিজিটাল ভিসা ২০২৫ সাল নাগাদ চালু করার পরিকল্পনা করছে বৃটিশ সরকার। ভিসার এই ডিজিটালাইজেশন করার মাধ্যমে সীমান্তএলাকা সহ বিভিন্ন স্থানে দায়িত্বরতদের কাছে ডাটা শেয়ার করা সহজ হবে। এর ফলে কোনো ব্যক্তির অবস্থান সম্পর্কে একেবারে প্রকৃত তথ্য পাওয়া যাবে। ফলে অবৈধ অভিবাসীরা আর বৃটেনে অবস্থান করতে পারবেন না। একজন অভিবাসী কাজের সুযোগ এবং বাসা ভাড়া নেয়ার সুযোগ পাবেন কিনা তাও অনলাইন সার্ভিসে জানা যাবে। এভাবে ডাটা শেয়ার করার মাধ্যমে ডিডবিউপি অভিবাসীর আবেদন স্বয়ংক্রিয়ভাবে পরীক্ষা করতে পারবে। একই রকমভাবে চাকরিতে আবেদনকারীকে তার অবস্থানগত মর্যাদাও প্রমাণ করতে হবে না। কারণ, নিয়োগকর্তারা তার সম্পর্কে তথ্য আগেভাগেই পেয়ে যাবেন। সরকার মনে করছে ভিসা ডিজিটালাইজ করা হলে সীমান্তনিরাপত্তা উন্নত হবে এবং খরচ কম হবে। পরিচয়ের ডকুমেন্ট জাল করা কমে যাবে।

করোনা ভাইরাসের হোতা চীনা বিজ্ঞানী

(প্রথম পাতার পর)

সৃষ্টি করেছেন চীনা বিজ্ঞানীরা। 'গেইন অব ফাংশন' গবেষণা অস্থায়ীভিত্তিতে যুক্তরাষ্ট্রে নিষিদ্ধ। এই গবেষণায় প্রাকৃতিক উপায়ে পাওয়া ভাইরাসকে আরো সংক্রামক করে তৈরি করা হয়। যাতে তা মানব দেহে কি প্রতিক্রিয়া সৃষ্টি করে তা গবেষণার মাধ্যমে জানা যায়। ওই গবেষণাপত্র অনুযায়ী, চীনা বিজ্ঞানীরা চীনের গুহায় পাওয়া বাঁদুরের মেরুদন্ডে থাকা একরকম প্রকৃতির করোনা ভাইরাস নিয়েছেন। তাকে নতুন স্পাইকযুক্ত করেছেন। তারপর এটাকে ভয়াবহ ও উচ্চ মাত্রায় সংক্রমণযুক্ত কোভিড-১৯ এ রূপ দিয়েছেন। গবেষণায় বলা হয়েছে, এসব যে ল্যাবরেটরিতে করা হয়েছে সেখানকার ডাটা ধ্বংস করে ফেলা হয়েছে। লুকানো হয়েছে। যেসব বিজ্ঞানী এই গবেষণা শেয়ার করতে চেয়েছেন তারা তা পারেননি অথবা তাদেরকে অদৃশ্য করে দেয়া হয়েছে। উপরোল্লিখত দুই বিজ্ঞানী বলেছেন, এসব বিষয় শিক্ষাবিদ বা বড় বড় জার্নাল এড়িয়ে গেছে। উল্লেখ্য লন্ডনের সেইন্ট জর্জেস ইউনিভার্সিটির অনকোলজির একজন প্রফেসর ডালগলেইশ। তিনি প্রথম 'এইচআইভি টিকা' ও রোগ সনাক্ত এবং চিকিৎসা নিয়ে কাজ করার জন্য সুপরিচিত। অন্যদিকে ওষুধ প্রস্তুতকারক কোম্পানি ইমিউনর-এর চেয়ার হলেন ড. বারগার সোরেনসেন। তিনি একজন ভাইরাস বিশেষজ্ঞ। তার প্রতিষ্ঠান ইমিউনর করোনা ভাইরাসের টিকা বায়োভ্যাক-১৯ প্রস্তুত করেছে। তবে তা এখনও পরীক্ষাধীন। উল্লেখ্য, যুক্তরাষ্ট্র থেকেও চীনের বিরুদ্ধে অভিযোগ উঠেছে। সাবেক প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের প্রশাসন সহ অনেকেই অভিযোগ করেছেন, করোনা ভাইরাস সৃষ্টি করেছে চীন। এরপর এটাকে জীবাণু অস্ত্র হিসেবে ছড়িয়ে দেয়া হয়েছে। এসব নিয়ে নানা অভিযোগ আছে। তবে এসব অভিযোগকে উড়িয়ে দিয়েছে চীন। সর্বশেষ এ বিষয়ে আরো তদন্তের নির্দেশ দিয়েছেন নতুন প্রেসিডেন্ট জো বাইডেন। তার শীর্ষ সংক্রামক বিশেষজ্ঞ ড. অ্যান্থনি ফাউচিও একই রকম ইঙ্গিত দিয়েছেন। বিজ্ঞানী ডালগলেইশ এবং সোরেনসেন বলেছেন, তারা এর আগে এই গবেষণালব্ধ তথ্য প্রকাশ করতে চেয়েছেন। কিন্তু বেশির ভাগ বিজ্ঞান বিষয়ক জার্নাল তা প্রকাশ করতে সম্মত হয়নি। কারণ, তারাও মনে করছিল এই ভাইরাস বাঁদুর থেকে মানবশরীরে এসেছে। এক পর্যায়ে বৃটেনের গোয়েন্দা সংস্থা এমআই৬ এর সাবেক প্রধান স্যার রিচার্ড ডিয়ারলাভ প্রকাশ্যে বিজ্ঞানীদের তত্ত্বকে তদন্ত করার নির্দেশ দেন এবং দাবি করেন এসব খবর ভুয়া। কিন্তু এক বছর পরে শীর্ষস্থানীয় শিক্ষাবিদ, রাজনীতিক এবং মিডিয়া পাল্টে গেছে। তারা এই ধারণা করছে যে, করোনা ভাইরাস চীনের উহান ইনস্টিটিউট অব ভাইরোলজি থেকে অবমুক্ত হয়ে ছড়িয়ে পড়েছে। ফলে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন এ সপ্তাহে নতুন করে এই ভাইরাসের উৎস সন্ধান করার নির্দেশ দিয়েছেন।

করোনার উৎস ৯০ দিনের মধ্যে জানাতে নির্দেশ

(প্রথম পাতার পর)

দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। বাইডেন জানান, কোভিড বন্য প্রাণী থেকে নাকি গবেষণাগার থেকে মানুষের দেহে প্রবেশ করেছে তা নিয়ে এ মাসের শুরুতে প্রাথমিক একটি তদন্ত প্রতিবেদন তিনি পেয়েছেন। কিন্তু সেটি অসম্পূর্ণ। এ কারণেই তিনি এ বিষয়ে আরও সুস্পষ্ট সিদ্ধান্ত জানতে দ্বিতীয় আরেকটি তদন্ত প্রতিবেদন চান। বাইডেন বলেন, আমি এখন গোয়েন্দাদেরকে দ্বিগুন চেষ্টা চালিয়ে তথ্য সংগ্রহ এবং তা বিশ্লেষণের অনুরোধ জানাচ্ছি, যার মাধ্যমে একটি সুনির্দিষ্ট উপসংহারে পৌঁছনো যায় এবং এ ব্যাপারে ৯০ দিনের মধ্যে আমাকে প্রতিবেদন দিন।" সম্প্রতি করোনার প্রকৃত উৎস নিয়ে সংশয় প্রকাশ করেছিলেন যুক্তরাষ্ট্রের শীর্ষস্থানীয় ভাইরোলজিস্ট অ্যান্টনি ফসি। মঙ্গলবার জেনেভায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) মন্ত্রী পর্যায়ের এক বৈঠকে কোভিডের উৎস নিয়ে নতুন করে আরও নিবিড় এবং 'স্বচ্ছ' তদন্ত নিশ্চিত করার আহ্বান জানিয়েছিলেন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা মন্ত্রী জেভিয়ের বেসেরা। যুক্তরাষ্ট্রের গোয়েন্দা প্রতিবেদনের বরাত দিয়ে ওয়াল স্ট্রিট জার্নালের সাম্প্রতিক এক প্রতিবেদনে বলা হয়েছে, ২০১৯ সালের নভেম্বরে চীনের উহান ইনস্টিটিউট অব ভাইরোলজির তিন গবেষক এতটাই অসুস্থ হয়ে পড়েন যে তারা হাসপাতালে ভর্তি হতে চেয়েছিলেন। এর কয়েক সপ্তাহ পর চীন প্রথম সেখানে কেউ কোভিড-১৯ এ আক্রান্তহওয়ার খবর বিশ্বকে জানায়। এবছরের শুরুর দিকে করোনাভাইরাসের উৎস সন্ধানে চীনে আন্তর্জাতিক বিশেষজ্ঞ দল গেলেও বিষয়টির কোনও সুরাহা হয়নি। তদন্তকাজ এবং তদন্ত প্রতিবেদনে স্বচ্ছতা ও গভীরতায় ঘাটতি আছে বলে সমালোচনা হয়েছে।

ইসরাইলের বিরুদ্ধে যুদ্ধ শেষ হয়নি- খালেদ মিশাল

(প্রথম পাতার পর)

চূড়ান্তস্বাধীনতা অর্জন পর্যন্ত 'শোর্ড অব কুদস' লড়াই অব্যাহত থাকবে। তিনি শনিবার এক বক্তব্যে এ হুঁশিয়ারি উচ্চারণ করেন বলে ফিলিস্তিনি বার্তা সংস্থা সাফা জানিয়েছে। খালেদ মিশাল আরো বলেন, কেউ কেউ সাম্প্রতিক যুদ্ধকে উপলক্ষ করে ফিলিস্তিন সঙ্কটের দুই রাষ্ট্র-ভিত্তিক সমাধানের মৃত রাজনৈতিক তত্ত্বকে পুনরুজ্জীবিত করার চেষ্টা করেছেন। অন্যদিকে ইসরাইল যুদ্ধে যা অর্জন করতে পারেনি তা রাজনৈতিক উপায়ে অর্জন করার চেষ্টা করছে। হামাসের সাবেক এই নেতা বলেন, ইসরাইল বায়তুল মুকাদ্দাস, আল-আকসা মসজিদ ও শেখ জাররাহ মহল্লায় ফিলিস্তিনি জাতিকে উস্কানি দেয়ার পাশাপাশি নতুন নতুন মুসলিম দেশের সাথে সম্পর্ক স্বাভাবিক করার মাধ্যমে নিজের অপরাধযজ্ঞকে ধামাচাপা দেয়ার চেষ্টা করছে। খালেদ মিশাল বলেন, আমেরিকা সাম্প্রতিক যুদ্ধে ইসরাইলের পরাজয়ের ক্ষতি পুষিয়ে দেয়ার চেষ্টা করছে। কিন্তু বাস্তবতা হচ্ছে প্রতিরোধ যোদ্ধারা ইসরাইলকে পরাজিত করেছে এবং অনেক বড় সাফল্য অর্জন করেছে। ফিলিস্তিনি ভূখন্ডে ইহুদিবাদীদের কোনো স্থান নেই বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে হামাসের এই শীর্ষস্থানীয় নেতা বলেন, ফিলিস্তিনের স্বাধীনতা অর্জনে গোটা মুসলিম উম্মাহকে এগিয়ে আসতে হবে এবং সবাই যত তাড়াতাড়ি সম্মিলিতভাবে এগিয়ে আসবে তত দ্রুত ইসরাইল নামক অবৈধ রাষ্ট্রের ইতি ঘটবে।

সিলেটে ভূমিকম্পে

(প্রথম পাতার পর)

সিটি কর্পোরেশন শনিবার রাত ১০টায় সিলেট সিটি করপোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরী পনিটুলার পল্লবী আবাসিক এলাকায় আহাদ টাওয়ারসহ আরও একটি ঝুঁকিপূর্ণ ভবন পরিদর্শনে গিয়ে এ নির্দেশনা দেন। এসময় তিনি সাংবাদিকদের বলেন, আমরা বিল্ডিং পরিদর্শন করেছি। রাতেই মানুষ জনকে নিরাপদে সরিয়ে নেওয়ার নির্দেশনা দেয়া হয়েছে।

তিনি বলেন, ভবন নির্মাণে নীতিমালা অনুসরণ করা হয়েছে কি না তাও যাচাই করে দেখা হচ্ছে। ভবনটি আগে থেকেই ঝুঁকিপূর্ণ না ভূমিকম্পে হেলে পড়েছে তা তদন্তকরা হবে। এসময় তিনি বলেন, এ বিষয়ে জিরো টলারেন্স ঘোষণা করা হলো। নগরীতে ঝুঁকি এড়াতে রবিবার থেকে সিসিকের নির্বাহী ম্যাজিস্ট্রেট অভিযান পরিচালনা করবে। বিল্ডিং পরিদর্শনকালে সিলেট মেট্রোপলিটন পুলিশের ডিসি উত্তর আজবাহার আলী শেখ, জালালাবাদ থানার ওসি নাজমুল হুদা খানসহ সিলেট সিটি করপোরেশনের ইঞ্জিনিয়ারবৃন্দ উপস্থিত ছিলেন। গতকাল শনিবার সকালে সিলেটে কয়েকদফা ভূমিকম্প হলে চারদিকে আতঙ্ক ছড়িয়ে পড়ে। যদিও বিশেষজ্ঞরা বলছেন, এতে আতঙ্কিত হওয়ার কিছু নেই। তবে আগামী ৭দিন সতর্ক থাকার কথা বলা হয়েছে।

যুক্তরাষ্ট্রে করোনায় মৃত্যু ছাড়িয়েছে ৬ লাখ

(প্রথম পাতার পর)

এই দেশটি। যুক্তরাষ্ট্রে এরই মধ্যে আক্রান্ত হয়েছে প্রায় তিন কোটি ৩৭ লাখের বেশি মানুষ। এর মধ্যে মৃত্যু সংখ্যা ছয় লাখ ছাড়িয়েছে মঙ্গলবার। বুধবার সকাল পর্যন্ত ওয়ার্ল্ডোমিটারে প্রকাশিত সবশেষ তথ্যানুযায়ী, এ পর্যন্ত যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে তিন কোটি ৩৭ লাখ ৭৪ হাজার ৯৪৫ জন। এর মধ্যে মারা গেছে ছয় লাখ এক হাজার ৩৩০ জন। আর আক্রান্তদের মধ্যে এ পর্যন্ত সুস্থ হয়েছে দুই কোটি ৭২ লাখ ৫৩ হাজার ৩২৭ জন। যুক্তরাষ্ট্রে বর্তমানে করোনা বা কোভিড-১৯ রোগী রয়েছে ৫৯ লাখ ২০ হাজার ২৮৮ জন।

ভূমিকম্প সম্পর্কে ১২টি বিস্ময়কর তথ্য

(প্রথম পাতার পর)

ধরনের কথাবার্তা হয়। কিন্তু প্রাকৃতিক এই ঘটনা সম্পর্কে আমরা কতোটুকু জানি। এখানে এরকম ১২টি বিস্ময়কর তথ্য তুলে ধরা হলো:

১. সারা পৃথিবীতে বছরে লাখ লাখ ভূমিকম্প হয়।

যুক্তরাষ্ট্রে ভূতাত্ত্বিক জরিপ সংস্থা জিওলজিক্যাল সার্ভে বলছে, প্রত্যেক বছর গড়ে ১৭টি বড় ধরনের ভূমিকম্প হয় রিখটার স্কেলে যার মাত্রা সাতের উপরে। এবং আট মাত্রার ভূমিকম্প হয় একবার।

তবে ভূমিকম্প বিশেষজ্ঞরা বলছেন, বছরে লাখ লাখ ভূমিকম্প হয়। এর অনেকগুলো হয়তো বোঝাই যায় না। বোঝা যায় না কারণ খুব প্রত্যন্তএলাকায় এসব হয় অথবা সেগুলোর মাত্রা থাকে খুবই কম।

বিজ্ঞাপন

২. ভূমিকম্পের কারণে দিনের দৈর্ঘ্য কমবেশি হতে পারে।

জাপানের উত্তর-পূবে ২০০৯ সালের ১১ই মার্চ একটি বড়ো ধরনের ভূমিকম্প আঘাত হানে, যার মাত্রা ছিলো ৮ দশমিক ৯। এর ফলে পরিবর্তন ঘটে পৃথিবীর ভরের বণ্টনে। এবং তার প্রভাবে পৃথিবী ঘুরতে থাকে সামান্য দ্রুত গতিতে আর তখন দিনের দৈর্ঘ্য কমে যায়। সেদিন দিন ১.৮ মাইক্রো সেকেন্ড ছোট ছিলো।

৩. সান ফ্রান্সিসকো সরে যাচ্ছে লস অ্যাঞ্জেলসের দিকে।

যুক্তরাষ্ট্রের সান ফ্রান্সিসকো শহর প্রত্যেক বছর গড়ে দুই ইঞ্চি করে লস অ্যাঞ্জেলসের দিকে সরে যাচ্ছে। এই একই গতিতে বাড়ে আমাদের আঙুলের নখ। শহরের এই অবস্থান পরিবর্তনের কারণ হচ্ছে সান অ্যানড্রেয়াস ফল্টের দুটো দিক ক্রমশ একটি অপরটিকে ছাড়িয়ে যাচ্ছে। এই গতিতে চলতে থাকলে এই দুটো শহর কয়েক লাখ বছর পর একত্রিত হয়ে পড়বে।

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

বেঙ্গালুরুতে তরুণী নির্যাতন নারী পাচার চলতেই থাকবে?

মধ্যযুগের দাস ব্যবসার 'আধুনিক' সংস্করণ মানব পাচার নিয়ে জাতীয় ও আন্তর্জাতিকভাবে নানা বিধিবিধান ও নজরদারি সত্ত্বেও মানবতাবিরোধী এ অপরাধ যে থেমে নেই- সম্প্রতি বাংলাদেশের এক তরুণীকে ভারতে বিবস্ত্র করে ধর্ষণ ও নির্যাতনের ভিডিও 'ভাইরাল' হওয়ার মধ্য দিয়ে আরেকবার স্পষ্ট হলো। আমরা বিভিন্ন সময় দেখেছি- চাকরি, চলচ্চিত্রে সুযোগ দেওয়া বা প্রেম ও বিয়ের নাম করে দেশের প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র কিশোর-কিশোরী, তরুণ-তরুণীদের ভারত ও মধ্যপ্রাচ্যে পাচারকারী চক্র পুলিশের হাতে আটক হয়ে থাকে। এর পর কিছুদিন মানব বা নারী পাচার বিষয়টি আলোচনায় থাকলেও ধীরে ধীরে স্তিমিত হয়ে যায়। অথচ পাচারকারীরা যে থেমে নেই- কথিত ও টিকটক হৃদয় আটক হওয়া তার প্রমাণ। বস্তুত পাচারকারীরা যে সীমান্তের উভয় পাশেই সমান সক্রিয় এবং পরস্পর ঘনিষ্ঠভাবে সম্পর্কিত- এ ঘটনায় তা স্পষ্ট। আমরা গভীর বিস্ময় ও উদ্বেগের সঙ্গে দেখলাম, করোনার সময় সীমান্তে কড়াকড়ি সত্ত্বেও এই চক্র ঘটনার শিকার নারীকে নিয়ে বৈধ নথিপত্র ছাড়াই ভারতে পাড়ি দিতে পেরেছে।

শুধু তাই নয়, বেঙ্গালুরু শহরে গিয়ে অপরাধ সংঘটন এবং তা ভিডিও করার দুঃসাহস দেখিয়েছে। সীমান্তের অপর পাশে শক্ত খুঁটি ছাড়া তা কীভাবে সম্ভব? শনিবার ঢাকা মহানগর পুলিশের পক্ষ থেকে আয়োজিত সংবাদ সম্মেলনের এ বক্তব্য যথার্থ যে, এরা আন্তর্জাতিক পাচারকারী দলের সদস্য। তাদের নেটওয়ার্ক ভারত ছাড়াও মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন দেশে সক্রিয়। আপাত স্বস্তির বিষয়, বাংলাদেশ থেকে তরুণীটিকে পাচারকারী চক্রের মূল হোতা টিকটক হৃদয়সহ নির্যাতন ও ধর্ষণকারী ছয়জনকেই আটক করা সম্ভব হয়েছে। উদ্ধার করা গেছে পাচার ও নির্যাতনের শিকার তরুণীকেও। কিন্তু মনে রাখতে হবে, শুধু একজন তরুণীকে নিয়ে ছয়জন পাচারকারী বাংলাদেশ থেকে বেঙ্গালুরু যেতে পারে না। তাদের হাতে আটক বা পাচার হওয়া অন্য তরুণীদেরও উদ্ধার করতে হবে। তাদের নেটওয়ার্কের ভারতীয় সদস্যদের শনাক্ত ও আটকেও দেশটির আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আন্তরিকভাবে কাজ করবে বলে প্রত্যাশা। এই চক্র বিভিন্ন সময় কীভাবে সীমান্ত পাড়ি দিত, তাও চিহ্নিত করতে হবে। সীমান্তের এ-পাশেই আরও সহযোগী ছাড়া তাদের পক্ষে এ অপকর্ম সম্ভব নয়।

আলোচ্য এ ঘটনার শিকার তরুণীকে উদ্ধার এবং চক্রটিকে শাস্তি প্রদান ছাড়াও পাচার বন্ধে দীর্ঘমেয়াদি পদক্ষেপের কথা ভাবতে হবে। আমরা জানি, অর্থনৈতিক ও সামাজিক সূচকে পিছিয়ে থাকা দেশ ও অঞ্চলগুলোতে পাচারের প্রকোপ যেন অপ্রতিরোধ্য। কিন্তু বাংলাদেশ যখন সামাজিক ও অর্থনৈতিক সূচকে ক্রমেই এগিয়ে যাচ্ছে, তারপরও মানবতাবিরোধী এ অপরাধ নিয়ন্ত্রণে আসছে না কেন? আমরা যখন উন্নত দেশের কাতারে যাওয়ার স্বপ্ন দেখছি, তখনও মানব পাচারের বিস্তৃত নেটওয়ার্কের খবর আমাদের উদ্বিগ্ন না করে পারে না। কয়েক বছর আগে সমকালেই প্রকাশিত একটি হিসাবে আমরা দেখেছিলাম, নানা কৌশলে প্রতি বছর অন্তত ১৫ হাজার নারী ও শিশু পাচার হয়ে থাকে। আমরা মনে করি, আইনশৃঙ্খলা বাহিনীর নজরদারি আরও বাড়াতে হবে। এই আশঙ্কাও আমলে নিতে হবে যে, বজ্র আঁটুনি ফস্কা গেরোও পাচারকারীদের সুবিধা করে দেয়। যে কারণে পাচারকারী চক্রের সদস্যরা মাঝেমধ্যে ধরা পড়লেও দুর্বল মামলা ও ধারার কারণে ছাড়া পেয়ে যায়। আমরা চাই, সরকারের নীতিনির্ধারণী পর্যায়ে মানব পাচার রোধে যে সদিচ্ছা রয়েছে, তা মাঠ পর্যায়েও প্রতিফলিত হোক। পাচারকারীরা প্রশাসনের পাশাপাশি স্থানীয় রাজনৈতিক নেতাদের ছত্রছায়াও পেয়ে থাকে।

কয়েক বছর আগে খোদ স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রণীত মানব পাচারে সম্পৃক্ত ব্যক্তিদের তালিকায় এ চিত্র উঠে এসেছিল। মনে রাখতে হবে, পাচারের বড় অংশ সংঘটিত হয় স্থল ও নৌ সীমান্ত পথে। সীমান্ত অঞ্চলে কড়া নজরদারি এবং পাচারে জড়িতদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনার মাধ্যমেও পাচারকারীদের নেটওয়ার্ক ভেঙে দেওয়া সম্ভব। একই সঙ্গে সামাজিক সচেতনতা বৃদ্ধিতেও মনোযোগ দিতে হবে। প্রশাসনের পাশাপাশি এ ক্ষেত্রে তৎপর বেসরকারি উন্নয়ন ও সামাজিক সংগঠনগুলোও এগিয়ে আসতে পারে।



গৌতম দাস

কেন ইসরাইল রাষ্ট্রের বিরোধিতা

কেন আমরা ইসরাইলের বিরোধিতা করি এবং করে যাবো? আমাদের প্রায় নব্বই ভাগ জনগোষ্ঠী মুসলমান আর ফিলিস্তিনীরাও মুসলমান। তাই আমাদের ধর্মীয় দায়িত্ব হলো ফিলিস্তিনীদের পাশে দাঁড়ানো আর তাদেরই ঘাড়ের ওপর বসে তাদেরকে বঞ্চিত করে কেবল ইহুদীদের জন্য বানানো জুলুমবাজ ইসরাইল রাষ্ট্রের বিরোধিতা করা– এই হলো আমাদের মানুষের ধর্মতাত্ত্বিক বোধ। ফিলিস্তিনীদের লড়াই সংগ্রাম সমর্থন করে যাওয়া আমাদের কাজ। এটা ধর্মতত্ত্বীয় দিক থেকে খুবই শক্ত এক পদক্ষেপ ও শক্ত আর্গুমেন্টও এবং সবার ওপরে এটা ফিলিস্তিনিদের পক্ষে এক ব্যাপক জনসমর্থন জোগানোর দিক থেকে খুবই কার্যকর উপায়! কিন্তু তবু অন্যান্য দিকেরও তৎপরতা এবং পালটা শক্ত বয়ান ও পয়েন্ট আমাদের দরকার আছে। কারণ এটা কলোনি যুগ পেরিয়ে অধিকারভিত্তিক আধুনিক রাষ্ট্রের যুগ এবং গ্লোবাল রাজনৈতিক ব্যবস্থা বলতে যা আমরা সামনে দেখি তা এক অধিকারভিত্তিক আধুনিক রাষ্ট্র ব্যবস্থাই। এর কেন্দ্রে আছে কলোনিমুক্ত রাষ্ট্রগুলোর এক প্রভাবশালী অ্যাসোসিয়েশন, নাম তার 'জাতিসংঘ'। জাতিসংঘের অনেক দুর্বলতা, অক্ষমতা ও অকর্মণ্যতা এবং সর্বোপরি, ক্ষমতাধর রাষ্ট্রের দিকে ঝুঁকে পড়ার সমস্যা সবই আছে, কথা সত্য। কিন্তু এসব সত্ত্বেও জাতিসঙ্ঘই কমান্ড করে বলে দিতে পারে, কলোনি দখল করে শাসন করা অবৈধ। সাদ্দাম-পরবর্তী ইরাককে বুশের দখল করে নেয়া তাই জাতিসঙ্ঘের চোখে 'অবৈধ দখল' ছিল এবং কফি আনান তা ঘোষণা করে বলে দিয়েছিলেন।

১৯৪৭ সালে কাশ্মিরের রাজাও কাশ্মির ভারতের সঙ্গে যুক্ত ও বিলীন হতে চায় বলে কাগজে সই করেছিলেন। কিন্তু জাতিসংঘ তা মানে নাই, অবৈধ মনে করেছিল। কারণ সে মনে করে, কাশ্মিরের পক্ষে এই সিদ্ধান্ত নেয়ার একমাত্র বৈধ অধিকারী কাশ্মির-ভূখ-ের বাসিন্দা জনগণ, ফলে গণভোট করে তাদের রায় জেনে নিতে হবে। অতএব, আধুনিক রাষ্ট্র ও এর কাঠামোগুলোর গুরুত্বও বুঝতে হবে।

হয়তো আপনার মাথায় রাষ্ট্র বিষয়ে অনেক ভারী তত্ত্বকথা আছে বলে আপনি মনে করেন। কিন্তু দয়া করা উপস্থিত আধুনিক রাষ্ট্র ব্যবস্থাটার কোনো অর্জন নেই, কিছু হয় নাই, কিচ্ছু না, বলে এর বিরুদ্ধে কামান দাগার কাজ হাতে নেবেন না। এটা অপ্রয়োজনীয়। আপনি নতুন যা করতে চান, যে নতুন ক্ষমতা কায়েম করতে চান তা করুন– সেজন্য এখন তা নিয়ে প্রচার, বুঝানো, হেদায়েত সব করতে থাকুন আর সে কাজে জাতিসঙ্ঘসহ এই আধুনিক রাষ্ট্র ব্যবস্থাটা আপনার পক্ষে যতটা সম্ভব ব্যবহার করেই তা করতে থাকুন। পরে নিজে ক্ষমতাবান হয়ে গেলে পুরান সবকিছু বদলে ফেলতে এরা কেউ বাধা হবে না। সোজা কথা বর্তমানের অর্জনকে ফেলে দিয়ে পায়ে মাড়িয়ে এগিয়ে যেতে চাইবে না। বরং বলুন, এটা যথেষ্ট অর্জন হয়নি। কিন্তু দয়া করে এটা বলবেন না যে, এটা কোনোই অর্জন নয়।

এখন আসুন আধুনিক রাষ্ট্রব্যবস্থা মোতাবেকই ইসরাইল রাষ্ট্র কেন ভেঙে দেয়া উচিত– সেসব বুঝে নেয়ার চেষ্টা করি। মনে রাখতে হবে, ইসরাইল টিকে আছে (যেভাবেই হোক) মূলত নিজের পক্ষে এক গ্লোবাল সমর্থন জোগাড় করতে পারার কারণে। কাজেই আমাদেরও ওই গ্লোবাল সমর্থন ভাঙতে হবে, আর পালটা সমর্থন লাগবে। কখন ও কিভাবে? আমেরিকার নেতৃত্বের এই গ্লোবাল সমর্থকদের দুর্বলতার জায়গায় আঘাত করতে হবে যখন এরা নিজেই দুর্বল থাকবে। আর ঠিক তার দুর্বলতার জায়গাটা হলো- আধুনিক রাষ্ট্রব্যবস্থার চোখেই ইসরাইল অন্যায্য রাষ্ট্র। এই কথা সর্বত্র তুলে ধরতে হবে এবং এমন এক সময়ে যখন আমেরিকা নিজেই তার গ্লোবাল নেতৃত্ব ধরে রাখার ক্ষেত্রে হিমশিম বেকায়দায়। ফলে গ্লোবাল নতুন মেরুকরণ দুনিয়াজুড়ে আসন্ন হয়ে উঠছে যখন তখনই সে কাজের সবচেয়ে ভালো সময়।

আধুনিক রাষ্ট্রের কী কী বৈশিষ্ট্য ইসরাইল লঙ্ঘন করে

বৈশিষ্ট্য-এক, আধুনিক রাষ্ট্রব্যবস্থায় রাষ্ট্রকে রিপাবলিক হতেই হয়। রিপাবলিক মানে যেখানে ক্ষমতার উৎস জনগণ। অর্থাৎ এর পাল্টা বা রাজা-সম্রাটের দেশ মানে কোনো রাজতান্ত্রিক শাসন নয়। জাতিসংঘ রাজতান্ত্রিক দেশকে কি সদস্য পদ দেয় না? দেয়, অবশ্যই দেয়। কিন্তু যখনই কোনো রাজার দেশের রাজক্ষমতা কখনো ওর নিজ জনগণের চোখে টালমাটাল চ্যালেঞ্জ হয়ে যায় তখনই কেবল জাতিসংঘ ওকে টেকনিক্যাল সহায়তা করে নতুন রিপাবলিক রাষ্ট্র হয়ে উঠতে সাহায্য করতে চায়। আর যত দিন বাদশাহর দেশ থাকে তত দিন আবার তাকে বদলাবার কাজ জাতিসংঘের নয়। তাই রিপাবলিক রাষ্ট্র না হয়েও কোনো রাজশাসন জাতিসংঘের সদস্যপদ পেতে পারে। তবে রাজশাসনকেও রিপাবলিক সদস্য রাষ্ট্রের জন্য জাতিসংঘের সব আইন, নিয়ম ও কনভেনশন এবং মানবাধিকারসহ যা কিছু আছে সেগুলো মেনে চলতে প্রতিশ্রুতি দিতে হয়। এই কারণেই দুবাইয়ের প্রিন্সেস লতিফাকে নিয়ে জাতিসংঘ সমালোচনা করছে ও উদ্বেগ জানাতে পারছে।

অন্য দিকে আবার ঠিক বাদশাহদের মতোই কমিউনিস্টরাও মনে করেন, অভ্যন্তরীণভাবে নিজ দেশে 'হিউম্যান রাইট' বজায় রাখা তাদের রাজনীতি নয়, অ্যাজেন্ডা বা পালনীয় নয়। তবে এমন রাষ্ট্রগুলোর কৌশল হয় (এটা অবশ্য স্বৈরাচারীদেরও কৌশল) সে কথা পাবলিকলি স্বীকার করে না-বলা। আর অমন পরিস্থিতিগুলোতে সরাসরি জাতিসংঘের 'হিউম্যান রাইট' মানি না তা অবশ্যই তারা কোথাও বলেন না। বরং এড়িয়ে পাশ কাটিয়ে চলা হয়, যতদূর পারেন।

ইউরোপের ইহুদিরা কেন জায়নিস্ট রাষ্ট্র চেয়েছিল?

কেন মূলত জার্মান ইহুদীরা বিশ্বযুদ্ধে হিটলারের বিদ্বেষ ও নৃশংসতার পর এর বিরুদ্ধে একটা জায়নিস্ট রাষ্ট্র গড়াকে তাদের রক্ষাকবজ বলে সাব্যস্ত করেছিল? মানুষের মনস্তাত্ত্বিক ব্যবহার বড় অদ্ভুত। বর্ণবাদিতার চরম অত্যাচার যে সয়েছে তাকে-ই আবার আমরা পাল্টা প্রতিহিংসায় সেই একই বর্ণবাদী হয়ে উঠতে দেখি! এখানে তাদের কাম্য 'জায়নিস্ট রাষ্ট্র' মানে কী তা গুরুত্ব দিয়ে বুঝতে হবে। এর মানে হলো, এটা 'কেবল ইহুদীদের' রক্ষার জন্যই একটা রাষ্ট্র হতে হবে। ফলে স্বভাবতই কেবল ইহুদিদেরই সব ধরনের বাড়তি বা বিশেষ সুবিধা দেয়ার রাষ্ট্র এটাকে হতেই হবে। এর পক্ষে সাফাই হলো, যেহেতু ইহুদীরা এতবড় এক ভিক্টিম তাই এখন তাদেরকেই বিশেষ সুবিধা দিতেই হবে। আর এখান থেকেই এক মিথ্যা দাবি তারা করে যে, এই জায়নিস্ট রাষ্ট্র এসব সুবিধাদির না হয়ে থাকলে ইহুদিরা দুনিয়াতে আর কোথাও সুরক্ষিত হবে না, শান্তি পাবে না।

প্রথমত, এটা একটা মানসিক ট্রমা বা আঘাতপ্রাপ্ত মানুষের বক্তব্য। যখন অসুস্থ মানুষটা এই স্টেজে থাকে তখনকার বক্তব্য। এটা এক ধরনের ট্রমা যা মানুষকে সবসময় নিরাপত্তার অভাববোধে পাগল করে তোলে। আর প্রথমে যা ছিল তাদের নিরাপত্তার অভাববোধে জন্ম নেয়া ট্রমা, পরে থিতু হলে সম্ভবত এটাই রূপান্তরিত হয়ে যায় প্রতিহিংসা-স্পৃহায়। এমন হিটলারি নৃশংসতায় সব মানুষের মনেই কমবেশি প্রতিহিংসা-স্পৃহা জেগে ওঠা অস্বাভাবিক নয় যদিনা কেউ সাইকোলজিক্যাল ট্রিটমেন্ট বা এক্সসারসাইজের ভেতর দিয়ে না গিয়ে থাকে; বা আগাম ব্যবস্থা না নেয় এই বলে ও মেনে যে, সে কোনো প্রতিহিংসা করতে পারে না, কারণ এটা তাকেও অসুস্থ বানিয়েও ছাড়ে।

জায়নিস্ট এক রাষ্ট্রের কল্পনা তাই আসলে অনিরাপত্তা-বোধজনিত ট্রমা থেকে। কারণ কোনো আধুনিক রাষ্ট্রব্যবস্থার কল্পনা মানেই এর প্রধান কাজ হলো, সব নাগরিককে নিরাপত্তা দেয়া। কাজেই আলাদা করে জায়নিস্টদের দেয়া বিশেষ সুবিধার রাষ্ট্রের স্বপ্ন-কামনা, এটা একেবারেই অপ্রয়োজনীয়। কিন্তু জায়নিজম বলতে চাচ্ছে সে এতে সন্তুষ্ট নয়; কারণ সে ট্রমাগ্রস্ত; তাই কেবল এই ট্রমাগ্রস্ত ইহুদিদের জন্য আলাদা করে নিরাপত্তাবোধ দেয়ার রাষ্ট্র, এক জায়নিস্ট রাষ্ট্রই, একমাত্র এতেই তাদের আস্থা। তাই এটাই গড়তে হবে।

তাহলে তাদেরকে বিশেষ সুবিধার একটা রাষ্ট্র গড়তে দিলে অসুবিধা কী? অসুবিধা এক. তাদের ট্রমাগ্রস্ততা কাটানোর জন্য সর্বোত্তম উপায় কি একটা সাইকোলজিক্যাল ট্রিটমেন্টের দুনিয়াসেরা এক হাসপাতাল নাকি, একটা ইহুদিবাদী কথিত বিশেষ সুবিধার রাষ্ট্র? আশা করি পাঠকেরা বুঝেছেন, এখানে ট্রমাগ্রস্ততার চিকিৎসা একটা ভালো হাসপাতাল। কোনো জায়নিস্ট রাষ্ট্র নয়।

অসুবিধা দুই. জায়নিস্টদেরকে দেয়া বিশেষ সুবিধার রাষ্ট্রনির্মাণের কল্পনা আসলে নিজেই আধুনিক রাষ্ট্রব্যবস্থার চিন্তাটার বিরুদ্ধে। এটা মৌলিকভাবে বিরোধী। কারণ আধুনিক রাষ্ট্রব্যবস্থার মৌলিক অবস্থান হলো, রাজনৈতিক সাম্য। রাজনৈতিক অধিকারে সাম্য, বৈষম্যহীন সাম্য। এখানে কাউকে বিশেষসুবিধা দেয়ার কথাটা আনা মাত্রই তা আধুনিক রাষ্ট্রব্যবস্থার মৌলিকভাবে বিরোধী। আপনি নিজের নিশ্চিত নিরাপত্তা অবশ্যই পেতে পারেন, যদি আপনার রাষ্ট্র ব্যতিক্রমহীনভাবে সবারই নিরাপত্তা নিশ্চিত করে। কিন্তু আপনি চাচ্ছেন, না, আমাকে বিশেষ নিরাপত্তা দিতে হবে কারণ আমি ভিক্টিম। এই হলো জায়নবাদিতার শুরু। এর ভিক্টিমহুড **(বাকি অংশ ৬ পাতায়)**

নামাজের সময়-সূচী

মে/জুন	৩১	১	২	৩	৪	৫	৬
ফজর	৩.৫১	৩.৪৯	৩.৪৮	৩.৪৭	৩.৪৭	৩.৪৭	৩.৪৬
সূর্যোদয়	৫.২৭	৫.২৬	৫.২৬	৫.২৫	৫.২৫	৫.২৫	৫.২৪
জোহর	১২.৫৩	১২.৫৪	১২.৫৪	১২.৫৪	১২.৫৪	১২.৫৪	১২.৫৫
আসর	৬.০৪	৬.০৫	৬.০৫	৬.০৬	৬.০৬	৬.০৭	৬.০৭
মাগরিব	৮.২০	৮.২১	৮.২২	৮.২৩	৮.২৩	৮.২৪	৮.২৫
এশা	৯.৫৬	৯.৫৭	৯.৫৮	৯.৫৯	১০.০০	১০.০১	১০.০২

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সৃজনশীলতার নতুন দিগন্ত বাংলাদেশের শান্তিরক্ষীদের বই



ব্রি. জে. মো. বায়েজিদ সরোয়ার এনডিসি (অব.)

কঙ্গো মিশনে, বাংলাদেশ ব্যাটালিয়নের এলাকায় মি-লিশিয়া বাহিনী জাতিসংঘের কর্মকর্তাদের কিডন্যাপ করে গভীর অরণ্যে আটকে রাখে। রেসকিউ মিশনের জন্য বাংলাদেশ থেকে উড়িয়ে আনা হয়েছে বিশেষ কমান্ডো টিমকে, যার নেতৃত্বে আছেন মেজর শিফান। এদিকে রেকি করতে গিয়ে কমান্ডোদের হেলিকপ্টারটি ভূপাতিত হলো গভীর অরণ্যে। তবু সেই বৈরী পরিবেশেও অবশেষে দুধর্ষ কমান্ডো দল তাদের মিশন সফল করল...।

তরুণ সামরিক কর্মকর্তা শাহরিয়ার সৈকতের মিলিটারি থ্রিলার 'মিশন কঙ্গো' পাঠককে নিয়ে যায় উত্তেজনায় ভরা রোমাঞ্চকর অজানা ভুবনে। পড়তে পড়তে মনে হয়, হয়তো হলিউডের কোনো ফিল্ম দেখছি। এভাবেই আমাদের শান্তিরক্ষীরা তাঁদের অসাধারণ অভিজ্ঞতার বর্ণনা দিয়েছেন নিজেদের লেখা বইয়ের পাতায় পাতায়। তাঁদের কেউই হয়তো বিদগ্ধ লেখক নন। তবে নিজস্ব অভিজ্ঞতার যে বিবরণ দিয়েছেন, তার মূল্যও হয়তো কম নয়।

১৯৮৮ সালে ইরান-ইরাক মিলিটারি অবজারভার গ্রুপ (ইউনিমগ) মিশনে লে. কর্নেল ফজলে এলাহী আকবরের (পরে মেজর জেনারেল) নেতৃত্বে প্রথমবারের মতো জাতিসংঘ মিশনে বাংলাদেশ সেনাবাহিনীর একদল চৌকস শান্তিরক্ষী অংশগ্রহণ করে। পরবর্তী তিন দশকে বাংলাদেশের শান্তিরক্ষীরা (সেনা, নৌ, বিমান ও পুলিশ বাহিনী) আন্তর্জাতিক ক্ষেত্রে অসাধারণ সাফল্য লাভ করেছেন। গড়ে তুলেছেন নতুন এক বাংলাদেশের প্রেরণাদায়ক ও গর্বের ভাবমূর্তি। বর্তমানে বাংলাদেশ সবচেয়ে বেশি শান্তিরক্ষী প্রেরণকারী দেশ।

কান্তিরক্ষীদের কেউ কেউ দেশে ফিরে নিজেদের ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে মিশনের ওপর বই লিখেছেন। এই গ্রন্থগুলোই আজ হয়ে উঠেছে সৃজনশীলতার নতুন দিগন্ত। এ ধরনের লেখা সাধারণত দুই শ্রেণির। কিছু বই/প্রবন্ধ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের থিওরি, সামরিক ও অপারেশনাল বিষয় নিয়ে লেখা। অনেকটা একাডেমিক পর্যায়ের। আরেক ধরনের বই ব্যক্তিগত অভিজ্ঞতার স্মৃতিচারণা কিংবা ভ্রমণ, ইতিহাস ও উপাখ্যানময়। এই নিবন্ধে এই শ্রেণির লেখা নিয়েই আলোকপাত করা হচ্ছে। এ ধরনের বইয়ের সংখ্যা পঞ্চাশের অধিক। তাঁদের লেখায় ওই সব দেশের ইতিহাস, রাজনীতি, জাতিগত সংঘাত, গৃহযুদ্ধ, অর্থনীতি, সামরিক, আন্তর্জাতিক কৌশল, শান্তিরক্ষীদের অবদান, বিদেশে যাপিত জীবন ইত্যাদি বিভিন্ন বিচিত্র বিষয় উঠে এসেছে। আমাদের সেনাবাহিনীর শান্তিরক্ষীরা মানবতার সেবার সঙ্গে সঙ্গে বিশ্বশান্তি বিনষ্টকারী আগ্রাসী বাহিনীর মোকাবেলাও (কখনো যুদ্ধের মতো) করেছেন। সেই বিবরণও আছে গ্রন্থগুলোতে।

নামিবিয়ার শান্তি প্রক্রিয়া মনিটর ও নির্বাচন পরিচালনার জন্য জাতিসংঘ 'আনটাগ' নামে পিসকিপিং মিশন (১৯৮৯) পরিচালনা করে। এই মিশনে বাংলাদেশ থেকে কয়েকজন সেনা ও পুলিশ কর্মকর্তা অংশগ্রহণ করেছিলেন। ১৯৯০ সালে নামিবিয়ার স্বাধীনতাপ্রাপ্তির অনুষ্ঠানে যোগদান করেছিলেন সাংবাদিক-লেখক হারুন হাবীব। এই অভিজ্ঞতার ওপর ভিত্তি করে তিনি লেখেন, 'নামিবিয়া দক্ষিণ আফ্রিকা- সূর্যোদয় দেখে এলাম' (জাতীয় সাহিত্য প্রকাশ, মার্চ ১৯৯১)। এই বইটিকে জাতিসংঘ মিশনের ওপর লেখা প্রথম বই বলা যায়। তবে শান্তিরক্ষীদের লেখা প্রথম বই (সম্ভবত), সেই মিশনে কর্মরত পুলিশ কর্মকর্তা এস কে এন ইসলামের 'আমার দেখা নামিবিয়া' (লায়লা আরজুমান্দ বানু, খুলনা, জুলাই ১৯৯১)।

এরপর বসনিয়ায় মিশনের ওপর লে. কর্নেল বশীর উদ্দিন আহমদ লিখেছেন, 'অভিজ্ঞতার আলোকে বসনিয়ার যুদ্ধ'। জাতিসংঘ মিশনের অভিজ্ঞতা নিয়ে পুলিশ কর্মকর্তা (অতিরিক্ত আইজিপি ও সচিব) নব বিক্রম ত্রিপুরা প্রকাশ করেন 'দূরদেশে'। সোমালিয়া মিশনের ওপর লে. কর্নেল ফয়েজ সিদ্দিকী লিখেছেন, 'সোমালিয়ার কান্না'। এগুলো ছিল শান্তি মিশনের ওপর প্রকাশিত প্রথমদিককার বই।

শান্তিরক্ষা মিশনে কাজের কঠিন পরিবেশ, শান্তিরক্ষীদের অর্জন, মানবিক কার্যক্রম ও চ্যালেঞ্জগুলো শান্তিরক্ষীদের বইয়ে চমৎকারভাবে ফুটে উঠেছে। এই বইগুলোর অন্যতম মেজর জেনারেল রেজাকুল হায়দারের 'ওয়ান এয়ার ইন ইস্ট তিমুর', ব্রিগেডিয়ার জেনারেল শামসের 'সাউথ সুদান সোনালি দিনের প্রত্যাশা', কর্নেল জি. র. মো. আশরাফ উদ্দিনের 'সাদা কাক ও কালো মানুষের গল্প', ব্রিগেডিয়ার জেনারেল মো. জাহিদ হোসেনের 'সিয়েরালিওনের স্মৃতি', মেজর মুহাম্মদ আশিক হাসান উল্লাহর 'ব্ল্যাক উডসের দেশে' ও ব্রিগেডিয়ার জেনারেল মো. বায়েজিদ সরোয়ারের 'কম্বোডিয়া : শান্তি সেনার জার্নাল'। এ ছাড়া জেনারেল মইন উ আহমেদ লিখেছেন, 'স্মৃতিময় রুয়ান্ডার শান্তিরক্ষা মিশন'। এটি তাঁর 'শান্তির স্বপ্নে সময়ের স্মৃতিচারণ' গ্রন্থের একটি অধ্যায়।

এই বইগুলোর পাতায় পাতায় আমরা পাই, কিভাবে আমাদের শান্তিরক্ষীদের সহযোগিতায় পরাধীনতার শৃঙ্খল থেকে স্বাধীন দেশের জন্ম হচ্ছে। তেমনিভাবে গৃহযুদ্ধের অভিশাপ থেকে দেশগুলোকে মুক্ত করে শান্তির আলো দেখিয়েছে। আমাদের শান্তিরক্ষীদের সঙ্গে যুক্ত হয়েছে মানবিকতা। তাঁরা যে দেশেই গেছেন, সেই দেশের মানুষের হৃদয়-মন জয় করেছেন।

কান্তিরক্ষীদের লেখায় উঠে এসেছে গৃহযুদ্ধ, ভ্রাতৃঘাতী সংঘাত, গণহত্যা ও বিদেশি ষড়যন্ত্রের কুটিলতা। তাঁরা দেখেছেন সম্ভাবনাময় হলেও গৃহযুদ্ধে বিধ্বস্ত ও গণহত্যায় বিপর্যস্ত দেশগুলোর রাজনৈতিক দলগুলোর মধ্যকার ভয়াবহ অনৈক্য ও মারাত্মক বিভেদের বাস্তবতা। কিছু গ্রন্থে উঠে এসেছে জাতিগত ঐক্যের আকুতি। এ ধরনের বইগুলোর মধ্যে আছে কর্নেল মো. নুরুল ইসলামের 'অশান্ত সোমালিয়া', ব্রিগেডিয়ার জেনারেল বদরুল মিল্লাতের 'কালো মানুষ ও ভালো মানুষের গল্প', ব্রিগেডিয়ার জেনারেল মো. হাবিবুল করিমের 'কঙ্গো : নরখাদক ও পিগমিদের দেশে' ও মেজর কাউসার আহমেদের 'কনফ্লিক্ট ইন ওয়েস্টার্ন সাহারা অ্যান্ড কোয়েস্ট ফর পিস'।

মেজর মো. দেলোয়ার হোসেন সম্পাদিত ও প্রথমা প্রকাশন থেকে প্রকাশিত 'শান্তিরক্ষী : বিশ্বশান্তি রক্ষায় ৩০ বছর বাংলাদেশি শান্তিরক্ষীদের অভিজ্ঞতা' একটি অসাধারণ উদ্যোগ। এটি এক মলাটের মধ্যে, নানা সুতার মালায় গাঁথা ৩২ জন শান্তিরক্ষীর বিচিত্র অভিজ্ঞতার বয়ান।

মিশনের পটভূমিতে কয়েকজন শান্তিরক্ষী চমৎকার উপন্যাসও লিখেছেন। কথাশিল্পী কাজী রাফির (মেজর কাজী জহিরুল ইসলাম) উপন্যাস 'ধূসর স্বপ্নের সাসান্দ্রায়' পাঠকদের নিয়ে যায় রোমান্সের ভিন্ন জগতে। আইভরি কোস্টে, ফরাসি সেনাবাহিনীর নারী অফিসার এলমা, আর বাংলাদেশ ব্যাটালিয়নের শান্তিরক্ষী অথৈ। এই গ্রহের ছোট ছোট ক্ষতগুলোকে হৃদয়ের উত্তাপ দিয়ে সারাতে গিয়েই অথৈ জড়িয়ে যায় লাস্যময়ী ফরাসিনী এলমার সঙ্গে....। 'লে জো নদীর বাঁকে' শান্তি মিশনের পটভূমিতে লেখা কাজী রাফির আরেকটি অনবদ্য প্রেমের উপন্যাস। লেখক জাহান আরা সিদ্দিকী কম্বোডিয়ার শান্তি মিশনের পটভূমিতে লিখেছেন 'সংবর্ত'। একজন শান্তিরক্ষী ও খেমার তরুণীর হৃদয়ঘটিত কাহিনি পাঠকদের হৃদয় ছুঁয়ে যায়। মেজর সাব্বির আহসান কঙ্গোতে শান্তিরক্ষীদের জীবনের অভিজ্ঞতার ওপর লিখেছেন 'দ্য পিসকিপারস'। মিশনের বিস্তারিত বয়ানসমৃদ্ধ উপন্যাসটি পাঠকদের দৃষ্টি কেড়েছে। হাইতির পটভূমিতে লে. কর্নেল সৈয়দ আলী আহমদ লিখেছেন, 'মুভে ফাম'।

আমাদের কয়েকজন কবি ও লেখক জাতিসংঘ মিশনে স্বেচ্ছাসেবক, কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন। কবি জাহিদ হায়দার কম্বোডিয়া মিশনের অভিজ্ঞতার ওপর লেখেন চমৎকার গ্রন্থ 'যখন ক্যামবডিয়ায়'। মিশন এলাকায় ভ্রমণকারী কয়েকজন লেখক ও সাংবাদিক তাঁদের ব্যক্তিগত অভিজ্ঞতার ওপর লেখা চমৎকার কিছু বই উপহার দিয়েছেন। এর মধ্যে জনপ্রিয় লেখক আনি-সুল হক লিখেছেন অনবদ্য এক গ্রন্থ 'আইভরি কোস্টে লাল সবুজের পাশে'। লেখক মিতালী হোসেন লিখেছেন, 'খেমারুজদের দেশে'।

আমাদের পুলিশ বাহিনীর আরো কয়েকজন শান্তিরক্ষী দুর্লভ অভিজ্ঞতার কথা জানিয়েছেন তাঁদের প্রকাশিত বইগুলোতে। এর মধ্যে ফিরোজ খানের 'দূরের যাত্রা', গোলাম মহিউদ্দিন খানের 'মিশন দারফুর' ও রহমান শেলীর 'রক্তাক্ত সুদানে শান্তির সন্ধানে' অন্যতম।

বর্তমানে শান্তিরক্ষা মিশনে আমাদের নারী শান্তিরক্ষীরা সগৌরবে অংশগ্রহণ করছেন। নিজের অভিজ্ঞতার ওপর আর্মি মেডিক্যাল কোরের ব্রিগেডিয়ার জেনারেল নাজমা বেগম নাজু চারটি বই লিখেছেন। এর মধ্যে অন্যতম 'আত্মকথন জাতিসংঘ ইতিহাসের প্রথম নারী কন্টিনজেন্ট কমান্ডার'। মেজর শারমিন হক লিখেছেন, 'দ্য বেঙ্গল গার্ল ইন আফ্রিকা' (প্রবন্ধ)।

মেজর মো. দেলোয়ার হোসেন সম্পাদিত ও প্রথমা প্রকাশন থেকে প্রকাশিত 'শান্তিরক্ষী : বিশ্বশান্তি রক্ষায় ৩০ বছর বাংলাদেশী শান্তিরক্ষীদের অভিজ্ঞতা' একটি অসাধারণ উদ্যোগ। এটি এক মলাটের মধ্যে, নানা সুতার মালায় গাঁথা ৩২ জন শান্তিরক্ষীর বিচিত্র অভিজ্ঞতার বয়ান।

কান্তিরক্ষীদের বইগুলোর অন্যতম আকর্ষণ এর ভ্রমণবৃত্তান্ত। শান্তিরক্ষীদের বইগুলো একেকটি চমৎকার ভ্রমণকাহিনীও বটে। বইগুলো পাঠকদের নিয়ে যায় এমন অচেনা জনপদে, যেখানে পর্যটকরা সাধারণত যায় না। নৌবাহিনীর কমান্ডার হাসান জামান খানের 'ডায়েরির পাতায় আইভরি কোস্ট', ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মাহফুজুল হকের 'লাইবেরিয়ায় ১৪ দিন', লে. কর্নেল ওয়ালিউল্লার 'আটলান্টিক পাড়ের দেশগুলো', কর্নেল মো. ফরিদ উদ্দিনের 'আমার দেখা আফ্রিকা', কর্নেল মো. শাহজাহান মোল্লার 'পৃথিবীর ছাদে', বিমানবাহিনীর উইং কমান্ডার রাকিব মাহমুদের 'র‍্যাপিড ডেপ্লয়মেন্ট' (প্রবন্ধ) ও লে. কর্নেল মাহমুদ শমশেরের 'আফ্রিকার দেশে দেশে' ও মেজর খোশরোজ সামাদের 'যে গল্প ত্রাসের যে গল্প দুঃসাহসের' এই ধরনের ভ্রমণগাথা।

২৯ মে আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস ২০২১। বর্তমানে মিশনে নিয়োজিত সব শান্তিরক্ষীকে জানাই আন্তরিক শুভেচ্ছা। আমাদের ১৫৯ জন শহীদ শান্তিরক্ষীর কথা স্মরণ করি বিনম্র শ্রদ্ধায়।

কান্তিরক্ষীদের সৃষ্টিকর্মের একটা ফলাফল হলো বৈচিত্র্যহীন বাঙালী জীবনে ঢেউ এসে আছড়ে পড়া, যেখানে আছে অ্যাডভেঞ্চার, বিদেশের যুদ্ধের ডামাডোল, রোমাঞ্চকর অভিযান, পৃথিবীর আশ্চর্য মিলনমেলায় নর-নারীর প্রেম-ভালোবাসার উপাখ্যান, অজানা ভুবনের পরিপার্শ্ব। আছে বাংলাদেশী শান্তিরক্ষী বীরদের বীরত্বগাথা। শান্তিরক্ষীদের গ্রন্থবাগানে এখন বসন্তের ফুল ফুটেছে। ফুলের সৌরভ ছড়িয়ে পড়ুক সব দিকে।

লেখক : কম্বোডিয়ায় (আনটাক) শান্তি মিশনে নিয়োজিত ছিলেন
e-maila: bayezidsarwar792@gmail.com

কেন ইসরাইল রাষ্ট্রের বিরোধিতা

(৫ পাতার পর)

তৎপরতা মানে আমি এখন ভিক্টিম বলে ভিক্টিমের প্রতি সমাজের যে সহানুভূতি তৈরি হয় সেইটা বেচে ভিক্টিম এখন খেতে চায়! এটাকেই বলে 'ভিক্টিমহুড'। অর্থাৎ, বাড়তি সুবিধা নেবো। অন্যকে মারব-ধরব যা খুশি করব...।

ইহুদীদের জন্য বিশেষ সুবিধার ইহুদিবাদী রাষ্ট্র, অথবা হিন্দুত্বের জন্য বিশেষ সুবিধার হিন্দুত্ববাদী রাষ্ট্র অথবা এ রকম যেকোনো ধর্মের তা হতে পারে। ধর্ম ছাড়াও তা হতে পারে। যেমন- বাঙালী জাতীয়তাবাদীদের জন্য বিশেষ সুবিধার বাঙালীবাদী রাষ্ট্র হয়তো দাবি করবে যে সে নিজের জন্য নিরঙ্কুশ, কম করে দুই যুগ বা বিয়াল্লিশ সাল পর্যন্ত ধরে ক্ষমতায় থাকতে চায়।

অসুবিধা তিন. জায়নবাদী চিন্তার আরেক বৈশিষ্ট্য হলো, সে সর্বজনীনতাকে ভয় পায়, কারণ ভিক্টিমহুডের অজুহাতে 'বিশেষ' সুবিধা চায়। কাজেই আপাতত যে ইসরাইলের রাষ্ট্রসীমার ভেতরেই যে আরব মুসলমান, তার জমিসম্পত্তি দখল করে সরকারি পয়সায় সেখানে হাইরাইজ বানিয়ে এরপর তা নিজেরা ভাগ করে খেতে চায়। কাজেই সর্বজনীন আইন থাকলে তো ওই আরব মুসলমান জমি হারাবে না। কাজেই 'বাড়তি সুবিধা' মানেই হলো, অন্যেরটা কেড়েও নেয়া এবং এক বিচা-রহীনতায় দিন যাপন। এ ছাড়া আরো আছে, একইভাবে ইসরাইলের রাষ্ট্রসীমার বাইরেও যেসব ফিলিস্তিনি ভূমি আছে সেগুলোও একইভাবে দখল করা এবং তা একেবারে গায়ের জোরে।

আর এটাকেই বলে 'কলোনি দখল'। সোজা ভাষায় ইসরাইল একালে কলোনি দখল আবার শুরু করে দিয়েছে। কেন এভাবে বললাম? বেশির ভাগ মানুষ জাতিসঙ্ঘের জন্মভিত্তি ও এর ইতিহাস একেবারেই জানে না। ন্যূনতমটাও জানে না। এর জন্য প্রধানত দায়ী তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল যিনি আমাদের 'কলোনি মালিক' ছিলেন। তিনি চান নাই তাই নাকে খত দেবার দুর্বলতার কথা জনে জনে জানুক। আর দ্বিতীয়ত দায়ী নেহরুর মতো রাজনীতিবিদ যারা নিজেরাই এসব ইতিহাস জানেন না, যার অজস্র প্রমাণ দেয়া যায়।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে (১৯৩৯-৪৫) আমেরিকান প্রেসিডেন্ট রুজভেলট ১৯৪১ সালের আগস্ট পর্যন্ত কোনো পক্ষকেই সমর্থন না করে যুদ্ধের বাইরে যুক্তরাষ্ট্র রেখেছিলেন। কারণ তিনি চেয়েছিলেন সারা দুনিয়াকে কলোনি করে রাখা ইউরোপের রাষ্ট্রগুলো এই যুদ্ধ শেষে কলোনি দখল যুগের অবসান ঘটাবেন এই প্রতিশ্রুতি দিলেই তিনি তাদের পক্ষে হিটলারের বিরুদ্ধে যুদ্ধে নামবেন।

এই শর্তে প্রথম যিনি এগিয়ে আসেন তিনি হলেন তখ-নকার ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল; কারণ নইলে হিটলারের কাছে হেরে পাল্টা দখল হয়ে যেত তার দেশ-ভূমি। তাই ১৪ আগস্ট ১৯৪১ সালে চার্চিল ও রুজভেল্ট এক চুক্তি স্বাক্ষর করেছিলেন আট দফার; যার প্রথম দফাটাই হলো তারা দুই রাষ্ট্র প্রতিজ্ঞা করছে যে তারা নিজ নিজ মূল ভূখ-ের বাইরে কোনো ভূমি দখলে আর যাবে না। এটাই পরে হয়ে যায় কলোনিয়াল-দখল অবৈধ এ কথার ভিত্তি। কারণ এই চুক্তিটাই পরে আরো দুই রাষ্ট্র স্টালিনের সোভিয়েত আর চিয়াং কাইশেকের চীন– এভাবে চার রাষ্ট্র মিলে আবার একসাথে স্বাক্ষরিত হয় ১ জানুয়ারি ১৯৪২ সালে। এটাকেই বলা হয় জাতিসংঘের 'জন্ম ঘোষণা'। একই দিনে আরো প্রায় ২৬টা দেশও এতে স্বাক্ষর করেছিল। আর ওই দিনই আমেরিকা হিটলারের জোটের বিরুদ্ধে যুদ্ধে নেমেছিল এবং তার জোটসঙ্গী জাপানে আক্রমণ চালিয়েছিল। সেই থেকে এজন্য কলোনি দখল নিষিদ্ধ আর এটাই জাতিসংঘের প্রতীক। কাজেই জাতিসংঘের সদস্য থাকতে চাইলে ইসরাইল জায়নিস্ট হতে পারবে না। কারণ জায়নিস্ট ইসরাইল কলোনি দখল করেছে। এ ছাড়া অন্যের ভূমি দখলের বিরুদ্ধে ইতোমধ্যেই ইসরাইলের বিরুদ্ধেই নিরাপত্তা পরিষদে পাস হওয়া রেজুলেশন আছে।

অসুবিধা চার. লক্ষ করলে দেখা যাবে যারাই জায়নিস্ট বা হিন্দুত্ববাদী রাষ্ট্র কায়েম করেছে বা করতে চায় তারা নেশন-স্টেট বা জাতিরাষ্ট্র ধারণার অনুসারী। জাতিরাষ্ট্র হলো প্রথম যুগের আধুনিক রাষ্ট্রব্যবস্থা বা এ বিষয়ের চিন্তা। যেমন- আগের রাজতন্ত্র ভেঙে রিপাবলিক গড়তে চাওয়া ইউরোপীয় চিন্তা বাস্তবায়নের শুরু বলা যায় ১৬৪৯ সালের ইংলিশ (ক্রমওয়েলের) রেভিলিউশনকে। এই ধারাই নানা চড়াই-উতরাই পেরিয়ে থিতু হওয়ার পরে তা চলেছিল ১৯৪৫ সাল পর্যন্ত। সে সময়ের ইউরোপীয় বিপ্লবে স্থাপিত নতুন রাষ্ট্রগুলোই রিপাবলিক বা আধুনিক রাষ্ট্রব্যবস্থার শুরু বলা যায়। অর্থাৎ রাজা নয়, জনপ্রতিনিধিরাই ক্ষমতাসীন হয়েছিলেন এমন রিপাবলিক সেগুলো।

তবু এরা সবগুলোই ছিল 'জাতিরাষ্ট্র' (নেশন-স্টেট) ধরনের রিপাবলিক। মানে আমরা প্রত্যেকে নাগরিক কি না, রাষ্ট্রে আমাদের রাজনৈতিক সাম্য থাকবে কি না, বৈষম্যহীন অধিকার থাকবে কি না– এসব সেখানে উহ্য থাকে। এর বদলে আমরা একটা 'জাতি' এই উদগ্র ধারণার প্রাবল্য যেখানে প্রচ-। এই ধারণারই সবচেয়ে বিকশিত ফসল হলো হিটলারের নাৎসিবাদ।

আর আধুনিক রাষ্ট্রের জাতিরাষ্ট্ররূপে এই আদি ধারায় তিনশ' বছর পরে হিটলারের উত্থান দেখে এর দায়দায়িত্ব ত্যাগ করে বাকিরা আমূলে বদলে যায়। সারা ইউরোপ ১৯৫৩ সালে ৪৭ রাষ্ট্রের এক সম্মেলনের মাধ্যমে সবার নিজ রাষ্ট্রভিত্তি বদল করে অধিকারভিত্তিক রাষ্ট্র করে নেয়া হয়। সেই থেকে ইউরোপে 'জাতিরাষ্ট্র' ধারণাটা ম্লান হয়ে যায়। কিন্তু আমাদের এ দিকে নেহরুর ভারতসহ বাংলাদেশে এখনো জাতিরাষ্ট্র। এই ধারাতেই জায়নবাদী ইসরাইলও এক জাতিরাষ্ট্র। মূল কারণ উগ্র জাতিবাদী চিন্তা ভালো খোলে 'জাতিরাষ্ট্র' এর মধ্যে। অথচ আমাদের সবার জন্যই এটা ত্যাগ করার সময় পেরিয়ে গেছে পঞ্চাশের দশকেই।

সবশেষে তামাশার দিকটা হলো, যে ইউরোপীয় ইহুদিরা হিটলারি নাৎসিবাদের শিকার হয়েছিল তারাই এর পরে ফিলিস্তিনীদের ওপর সওয়ার হয়ে শুধু নয়, সেই হিট-লারকেই কপি করে জায়নবাদিতা চর্চায় ইসরাইল রাষ্ট্র গড়ে তুলেছে।

আমরা আধুনিক রাষ্ট্রব্যবস্থার বিচারেও ইসরাইলের বিরোধিতা করে যাবো কারণ, এই জায়নবাদী রাষ্ট্র আধু-নিক রাষ্ট্রব্যবস্থার ন্যূনতম শর্তও পূরণ করেনি। এই রাষ্ট্র নাগরিক বৈষম্যপূর্ণ, রাজনৈতিক অসাম্যের ওপর ভিত্তি করে গড়ে তোলা, পক্ষপাতমূলক বিচারব্যবস্থার, সর্বোপরি কলোনি দখল করা ফিরিয়ে আনতে চাওয়া রাষ্ট্র। কাজেই এখানে এসে জায়নিজম বিরোধিতা স্রেফ কোনো মুসলিম ইস্যু আর নয়। এটা যারা দুনিয়ায় রাজনৈতিক সাম্যের প্রতিষ্ঠা দেখতে চান তাদের সবার ইস্যু!

জায়নিজমের বৈষম্যের প্রতিকার হওয়ার আগে পর্যন্ত ইসরাইল রাষ্ট্রের বিরোধিতা তাই আমরা করি এবং করে যাবো!

লেখক : রাজনৈতিক বিশ্লেষক

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

ইসরায়েলের সঙ্গে কেন আরব দেশগুলো সম্পর্ক রাখে

মেহেদী হাসান

ফিলিস্তিনে ইসরায়েলের আগ্রাসন বব্রতা নিয়ে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে প্রতিবাদ কর্মসূচি পালিত হচ্ছে। কিন্তু তেমন কোনো প্রতিবাদ বিক্ষোভ নেই ফিলিস্তিন ও ইসরায়েলের প্রতিবেশী আরব দেশগুলোতে। আরব দেশগুলো প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ইসরায়েলের সঙ্গে সম্পর্ক রাখে। ওই সম্পর্ক রাখার সময়ই তাদের কেউ কেউ আবার বাংলাদেশকে ইসরায়েলের সঙ্গে সম্পর্ক রাখতে নিরৎসাহ করে। আরব দেশগুলোর সামর্থ্য আছে ফিলিস্তিনী জনগণের পাশে দাঁড়ানোর। কিন্তু এ ক্ষেত্রে তেমন কোনো আগ্রহ নেই।

এদিকে ফিলিস্তিনের জনগণের প্রতি সমর্থন ও সহমর্মিতার অংশ হিসেবে বাংলাদেশে ফিলিস্তিন দূতাবাসে প্রতিদিনই জরুরি ওষুধ ও অর্থ সহায়তা দেওয়া হচ্ছে। ঢাকায় ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসেফ এস ওয়াই রামাদান বলেছেন, বাংলাদেশের জনগণের দেওয়া অর্থে ফিলিস্তিনে চিকিৎসা সরঞ্জাম কেনা ও বাড়ি নির্মাণ করা হবে। তবে ইসরায়েলের বাধা পেরিয়ে বাংলাদেশ থেকে ফিলিস্তিনে সহায়তা পৌঁছাতে তিন থেকে চার মাস সময় লাগতে পারে।

ইসরায়েলের বর্বরতায় অসহায় ফিলিস্তিনীদের দুর্ভোগ বাড়িয়ে তুলেছে প্রতিবেশী আরব দেশগুলোর সরকারগুলোর নীরবতা। কূটনৈতিক সূত্রগুলো বলছে, ইসরায়েলের চলমান নৃশংসতা আরব দেশগুলো, বিশেষ করে সাম্প্রতিক বছরগুলোতে ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্থাপনকারী দেশগুলোর জন্য বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি করেছে। তারা পবিত্র আল-আকসা মসজিদ ঘিরে সংঘাতের সমালোচনা করেছে। কিন্তু ফিলিস্তিনীদের ওপর ইসরায়েলের হামলার ব্যাপারে কার্যত তারা নীরব।

সাবেক পররাষ্ট্রসচিব মো. তৌহিদ হোসেন ২৭ মে বৃহস্পতিবার বলেন, 'আমাদের এখানে সংবেদনশীল মানুষের সংখ্যা এখনো অনেক। আমরা এখানে মিছিল-মিটিং-মানববন্ধন করি। কোনো আরব দেশ তো করে না!' তিনি বলেন, আরবদের প্রচুর অর্থ-সম্পদ আছে। পুরনো। আগে থেকেই তারা ইসরায়েলের সঙ্গে সম্পর্ক ঠিক রাখছে। কিন্তু তাদের প্রত্যাশা, আমরা যেন ইসরায়েল থেকে দূরে থাকি। এমনটি তারা আমাদের আগে থেকেই বলছে।'

তৌহিদ হোসেন বলেন, 'বাংলাদেশ প্রতিষ্ঠার শুরুর দিকে যে কয়েকটি দেশ স্বীকৃতির প্রস্তাব দিয়েছিল, তাদের মধ্যে ইসরায়েল অন্যতম। কিন্তু আমরা তা গ্রহণ করিনি। সে সময়ের বাস্তবতায় সিদ্ধান্ত সঠিকই ছিল। কারণ আমরা যদি তখন ইসরায়েলের প্রস্তাব গ্রহণ করতাম, তাহলে আরবদের ফিলিস্তিনীদের স্বার্থ তাদের দেখা উচিত। বাংলাদেশ ফিলিস্তিনীনের পক্ষে, ইসরায়েলের সঙ্গে সম্পর্ক না রাখলে এবং এ নিয়ে মিছিল-মিটিং-মানববন্ধন করলে ইসরায়েলের কিছুই আসে যায় না।

ইসরায়েলের সঙ্গে আরব দেশগুলো সম্পর্ক রেখে বাংলাদেশকে সম্পর্ক রাখতে না বলার প্রসঙ্গে জানতে চাইলে সাবেক এই পররাষ্ট্রসচিব বলেন, 'বিষয়টি অনেক সঙ্গে আমাদের সম্পর্ক স্থাপনে অসুবিধা হতো।' তিনি বলেন, 'আরবদের মধ্যে একটি ভাব যে ইসরায়েল অনেক শত্রু। অথচ তখনো তাদের সঙ্গে ইসরায়েলের সম্পর্ক ছিল।'

প্রতিবেশী হওয়ার কারণেই ইসরায়েলের সঙ্গে আরব দেশগুলো সম্পর্ক রাখছে কি না জানতে চাইলে তৌহিদ হোসেন বলেন, 'বিষয়টি ঠিক তা নয়। মূল কারণ হলো, যে পরিবারগুলো আরব দেশগুলো চালাচ্ছে, তারা তাদের ক্ষমতা টিকিয়ে রাখার স্বার্থে ইসরায়েলের সঙ্গে ভালো সম্পর্ক রাখতে চায়। এখানে তাদের দেশের স্বার্থের কোনো সম্পর্ক নেই। তবে তাদের সেই অবস্থান যে তাদের দেশের স্বার্থের জন্য ক্ষতিকর, তা আমি মনে করি না।' তিনি বলেন, বিভিন্ন ক্ষেত্রে ইসরায়েলের সক্ষমতা আছে। ইসরায়েল তাদের বিরুদ্ধে যাক, তা তারা চায় না। আর ওই পরিবারগুলো ক্ষমতায় থাকলে ইসরায়েলেরও সুবিধা। ইসরায়েলের জন্য কোনো হুমকি নেই।

তৌহিদ হোসেন বলেন, মধ্যপ্রাচ্যে যারাই ইসরায়েলের জন্য কিছুটা হুমকি হয়ে ওঠার চেষ্টা করেছিল, তারাই বিপুল দুর্যোগের সম্মুখীন হয়েছে। মনে করা হচ্ছিল, ইরাকের সাদ্দাম হোসেন কিছুটা হুমকি হয়ে উঠছিলেন। তাঁকে শেষ করে দেওয়া হয়েছে। ইরানকে ধ্বংস করে দেওয়া হয়েছে। সিরিয়ার গোলান মালভূমি দখল করে আছে ইসরায়েল। সিরিয়ার সঙ্গে ইসরায়েলের নিবিড় সম্পর্ক ছিল না। সিরিয়াও একটি গৃহযুদ্ধের মধ্যে পড়ে এখন বেতাল অবস্থায়।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

বিএনপি নেতাদের সরকার এলএসডি খাইয়ে

(প্রথম পাতার পর)

খালেদা জিয়া এতদিন জেলে, অথচ বিএনপির কর্মকান্ড দেখে মনে হয় সরকার তাদের এলএসডি (এক ধরনের মাদক) খাইয়ে দিয়েছে। জাতীয় প্রেসক্লাবের তোফাজ্জল হোসেন মানিক মিয়া হলে বাংলাদেশ লেবার পার্টি আয়োজিত 'রাজনৈতিক সংকট: উত্তরণ কোন পথে' শীর্ষক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। ডা. জাফরুল্লাহ বলেন, বিএনপি মরহুম জিয়াউর রহমানের জন্য ১৫ দিনের কর্মসূচি ঘোষণা করেছে। একজন মৃত ব্যক্তির জন্য ১৫ দিনের কর্মসূচি পালন করছে। আর জীবিত খালেদা জিয়ার অবস্থা খুব খারাপ। উনার যেসব লক্ষণ দেখছি, আগামী নির্বাচন পর্যন্তসময় পাবেন কিনা যথেষ্ট সন্দেহ আছে। আমরা দোয়া করি যেন উনি বেঁচে থাকেন। গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা বলেন, বিএনপি সত্য কথা বলতেও ভয় পায়। তাদের উচিত ছিল, যেদিন থেকে সরকার তাকে (খালেদা জিয়া) বাইরে যেতে দেয়নি, সেদিন থেকে অনশন করা। সেদিনই বলা উচিত ছিল কাশিমপুরে যেতে চাই, ফিরোজাতে থাকতে চাই না। ফিরোজাতে উনাকে রাখা আরেকটা ধাপ্পাবাজি। উনি কি বধির, কানে শোনেন না? ১৫ দিনের কর্মসূচিতে বিএনপির উচিত মুক্তির জন্য রাস্তায় নামা। ডা. জাফরুল্লাহ বলেন, আজকে বিচার বিভাগ সরকার ও আইনমন্ত্রীর অনুগত হয়ে কাজ করছে। এ জন্য অনেকগুলো পরিবর্তন আমাদের দরকার। বিএনপিকে প্রমাণ করতে হবে তারা এলএসডি খায়নি। তা না হলে তারা আত্মহত্যা করছে। এত লোক থাকার পরও তাদের চিন্তার এত দীনতা দেখি। তিনি বলেন, আমরা হয়তো খালেদা জিয়াকে আর বেশিদিন পাবো না। আমি গত তিন বছর ধরে বলে আসছি- খালেদা জিয়ার চিকিৎসা- মুক্ত, খোলা বাতাসে হাঁটতে দেওয়া। তাহলেই উনি ভালো হবেন। কেবল ওষুধে রোগ ভালো হয় না। ওষুধের সঙ্গে জনগণের ভালোবাসা যখন উনি দেখবেন, উনি তখন সুস্থ হবেন। বিএনপি নেতাদের কৃতজ্ঞতা জানানোর পরামর্শ দিয়ে গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা বলেন, আপনারা এ পর্যন্তআসার পেছনে জিয়াউর রহমানের চেয়ে খালেদা জিয়ার অবদান বেশি। জিয়াউর রহমান অকালে মারা গেছেন। আপনারা যখন হতাশায় ভুগছিলেন, কোনো পথ ছিল না, এই সাধারণ একজন গৃহবধু আপনাদের একত্রিত করেছেন। আপনাদের দুইবার ক্ষমতায় এনেছেন। তিনি বলেন, বিএনপির লোকেরা খালেদা জিয়ার প্রতি অকৃতজ্ঞতা প্রকাশ করছে বলে আমি মনে করি। এ জন্য তাদের ক্ষমা চাওয়া উচিত। লেবার পার্টির চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান ইরানের সভাপতিত্বে সভায় আরও বক্তব্য রাখেন নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না, বিএনপির ভাইস চেয়ারম্যান শওকত মাহমুদ, বিএনপির গণশিক্ষা বিষয়ক সম্পাদক মো: সেলিম ভূঁইয়া, ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর প্রমুখ।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী



বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে



আমরা বাংলায় কথা বলি

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ২০২১

আমরা সবাই জানি যে, গত ফেব্রুয়ারী ১৮, ২০২১ এ কংগ্রেস স্যানচেজ (ডি-সিএ) হাউজ অব রিপ্রেজেনটেটিভ বা প্রতিনিধি পরিষদে ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ২০২১ উত্থাপন করেছেন। প্রেসিডেন্ট বাইডেন তাঁর প্রথম কর্মদিবসে ইমিগ্রেশন সংক্রান্ত যে আইন সংশোধনের প্রস্তাব করেছিলেন এই বিলে সেই প্রস্তাবনাই সন্নিবেশিত হয়েছে। কংগ্রেসে বিলটির বিষয়ে কোন সিদ্ধান্ত এখন পর্যন্ত না নিলেও- উভয় পরিষদের আলোচনার পর এই প্রস্তাবনার উপর ভোট গ্রহণ করা হবে। ডেমোক্র্যাটরা উভয় পরিষদেরই যুগ্ম সংখ্যাগরিষ্ঠ ইউএস সিনেটে তাদের বিলটি পাশের জন্যে প্রয়োজন হবে ৬০ ভোটের। উভয় পার্টির নেতারা বিলটির গুরুত্বপূর্ণ অনেক বিষয়ে সমঝোতার আলোচনা চালিয়ে যাচ্ছেন। তবে এখন পর্যন্ত বড় কোন অগ্রগতি হওয়ার কথা জানা যায়নি। আমরা সর্বক্ষণ নজর রাখছি। কোন অগ্রগতি হলেই তা আমাদের পাঠকদের জন্যে ই বিভাগের মাধ্যমের অবহিত করা হবে।

টেলিফোনেই বায়োমেট্রিক সার্ভিসের সাক্ষাৎকারের তারিখ পুনঃনির্ধারণ করা যাবেঃ

ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) টেলিফোনেই বায়োমেট্রিক সার্ভিসের তারিখ পুনঃ নির্ধররণ করা যাবে বলে ঘোষণা দিয়েছে। এই ব্যাপারে এ জন্য কল করতে হবে ইউএসসিসআইএসএর'র ৮০০-৩৭৫-৫২৮৩ নম্বরে। আগে এর জন্য একমাত্র পথ ছিলো ইউএসসিআইএস-তে চিঠি লেখা। কেউ যদি গ্রিনকার্ড বা সিটিজেনশীপের জন্য আবেদন করে বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্টের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে অসমর্থ হবেন বলে তারিখ পরিবর্তন করতে চান, তবে উল্লেখিত ফোন নম্বরে আগে থেকে ফোন করে তারিখ পুন:নির্ধারণ করতে পারবেন। নির্ধারিত তারিখের আগে ফোন না করলে ইউএস সিআইএস আপনার আবেদন গ্রাহ্যে নাও নিতে পারেন। ফলে তা প্রত্যাখাতও হতে পারে। এছাড়া, তারিখ পুন: নির্ধারণের জন্য আপনাকে উপযুক্ত কারণ দেখাতে হবে। এ ব্যাপারে আপনাদের জন্য আমাদের পরমার্শ হবে, যদি যথার্থ কারণ না থাকে তবে নির্ধারিত তারিখেই সাক্ষাত করা উচিত। তারিখ পুন:নির্ধারণে আপনার কেসটি সম্পন্ন হতে কেবল বিলম্বই ঘটাবে। আর ইমিগ্রেশন আপনার অনুরোধ না রাখলে আপনার আবেদন না হয়ে যাবে। এ ব্যাপারে বিস্তারিত জানতে ইউএসসিআইএস এর লিংকে যোগাযোগ করতে পারেন।

আন্তর্জাতিক উদ্যোক্তা প্যারোল কর্মসূচি অব্যাহত থাকবে-ডিএইচএসঃ

গত মে ১০, ২০২১ সিটিজেনশীপ এ্যাক্ট ইইমগ্রেশন সার্ভিস ঘোষণা করেছে যে, ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি ২০১৮ সালের প্রস্তাবিত রুল প্রত্যাহার করে নিচ্ছে যে বিধিতিতে আন্তর্জাতিক উদ্যোক্তা কর্মসূচী প্রত্যাহার করে নেয়া হয়েছিলো। এই কর্মসূচিটি ২০১৭ সালে প্রথম প্রবর্তন করা হয়। এতে শুধু যুক্তরাষ্ট্রে সম্ভাবনাময় কোন ব্যবসা যাতে বিদেশী উদ্যোক্তারা শুরু করতে পারে তাদের জন্য সুযোগ সাষ্টি হয়। এই কর্মসূচির লক্ষ্য ছিলো বিনিয়োগ বৃদ্ধি, নতুন উদ্ভাবন ও কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করে দেশের অর্থনীতি মজবুত করা।



এই ঘোষণা প্রেসিডেন্ট জো বাইডেনের ১৪০১২ নম্বর নির্বাহী আদেশের সঙ্গে সঙ্গতিপূর্ণ। এই নির্বাহী আদেশে বলা হয়েছিলোঃ "আমাদের লিগ্যাল ইমিগ্রেশন সিস্টেমে আস্থা পুনরুজ্জীবিত করা এবং নিউ আমেরিকানদের আত্মীয়করণ ও অন্তর্ভুক্তিকরণ ব্যবস্থাকে শক্তিশালী করা।" এই নির্বাহী আদেশে লিগ্যাল ইমিগেশনের সিস্টেম উন্নত করণে কোন সংস্থার পদক্ষেপ বা বাধাপ্রাপ্ত ছিলো কিনা তা খতিয়ে দেখতে হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারিকে বলা হয়।

যুক্তরাষ্ট্রে ইমিগ্র্যান্টদের উদ্যোগ, কঠোর শ্রম, সৃজনশীলতা এবং জাতিআইনে তাদের অবদানের দীর্ঘ ইতিহাস রয়েছে। ইউএসসিআইএস-এর ভারপ্রাপ্ত পরিচালক পেট্রসি রেনড বলেছেন, 'বিদেশী বিনিয়োগকে স্বাগত জানানোর যে মার্কিন ঐতিহ্য সেই চেতনার সঙ্গে চলে এবং যারা এই কর্মসূচির জন্য যোগ্য তাদের ইউএসসিসআইএস উৎসাহিত করে।'

আইই কর্মসূচির অধীনে বিনিয়োগের সূচনায় এ জন্য উদ্যোক্তা, তাদের স্বামী/স্ত্রী এবং সন্তানদের প্যারোল মঞ্জুর করা হতে পারে। তারা তাদের প্রতিষ্ঠানে কাজ করলে এই শর্তেই তাদের প্যারোল মঞ্জুর করা হয়। উদ্যোক্তাদের স্বামী/স্ত্রীরা যুক্তরাষ্ট্রে এমপ্লয়মেন্ট অথারাইজেশনের জন্য আবেদন করতে পারবেন, তবে সন্তানেরা পারবে না। এক্ষেত্রে যোগ্যতা এবং কিভাবে আবেদন করতে হবে তা জানা যাবে ইন্টারন্যাশনাল এন্টারপ্রেনিয়র প্যারোল পেজে। এই কর্মসূচির সুযোগ নিতে উদ্যোক্তাদের সচেতন করে তুলতে ইউএসআইএস তথ্য অবহিতকরণে পরিকল্পনার করবে। এই কর্মসূচিতে কীভাবে এই সুযোগ কাজে লাগানো যাবে সে সম্পর্কেও অবিহত হওয়া যাবে। বিস্তারিত ইউএসসিআইস'র ওয়েব সাইটে জানা যাবে।

সীমান্তে জড়ো হওয়া পরিবারের জন্য ইমিগ্রেশন আবেদন ত্বরান্বিত করছেঃ

সংবাদপত্রের রিপোর্ট থেকে জানা যায়, বাইডেন প্রশাসন মে ২৮, শুক্রবার ইমিগ্রেশন কোর্টকে আদেশ দিয়েছেন যে, যুক্তরাষ্ট্র-ম্যাক্সিকো সীমান্তে ইমিগ্রেশনের জন্য যেসব পরিবার জড়ো হয়েছে তাদের আবেদন প্রথমে নিষ্পন্ন করতে হবে। কারোনা মহ-ামারির বিধি নিষেধ শিথিল করার দু' সপ্তাহেরও কম সময়ের মধ্যে এই নির্দেশনা দেয়া হলো। এই পরিকল্পনায় শুক্রবার থেকে যারা সামীন্তে জড়ো হচ্ছে তারা যুক্তরাষ্ট্রে থাকতে পারবে কিনা সে সম্পর্কে সিদ্ধান্ত নিতে হবে।

জাস্টিস অ্যান্ড হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারির এক বিবৃতিতে জানিয়েছেন, ইমিগ্রেশন বিচারকগণ নিউইয়র্ক, লসএনজেলেস এবং এলপাসো, টেক্সাস এবং সানদিয়োগোর মতো ১০টি সিটিতে ও সীমান্তে কমিনিটিতে ৩০০ দিনের প্রাথমিক শুনানারি পর সাধারণত: সিদ্ধান্ত নিয়ে থাকেন।

নোটঃ ম্যাক্সিকো-যুক্তরাষ্ট্র সীমান্ত দিয়ে যেসব বাংলাদেশী নাগরিক যুক্তরাষ্ট্রে আসেছ, তাদের উপর এসব নিউজের কী প্রভাব ফেলতে পারে আগামী সংখ্যায় আমরা এই বিভাগে সেসব নিয়ে আমাদের পাঠকদের জন্যে আলোচনা করব।

আমাদের একজন পাঠক জানতে চেয়েছেন একজন গ্রিনকার্ডধারী এবং সিটিজেন কাদের জন্য আবেদন করতে পারেন।

আপনার জানতে চাওয়ার প্রেক্ষিতে উল্লেখ করছিঃ একজন গ্রিনকার্ডধারী তার স্পাউস (স্বামী/স্ত্রী) অবিবাহিত ২১ নিম্ন এবং ২১ উর্ধ্ব বয়সের সন্তান এর জন্যে আবেদন করতে পারেন। একজন ইউএস সিটিজেন আবেদন করতে পারেন -তার স্পাউস, বিব-াহিত ও অবিবাহিত সন্তান, মা-বাবা এবং ভাইবোনদের জন্য।

ইমিগ্রেশন বিষয়ে প্রতি সপ্তাহে আপনারা এই বিভাগের বিস্তারিত আলোচনা করছি। এ ব্যাপারে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নীর সঙ্গে আলোচনার করতে পারেন এবং আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে প্রতি সপ্তাহে আমরা এই বিভাগের বিস্তারিত আলোচনা করছি। এ ব্যাপারে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নীর সঙ্গে আলোচনা করতে পারেন এবং আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

স্মরণ : জিয়া এলেন, দেখলেন, জয় করলেন



শামসুজ্জামান দুদু

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীরউত্তম ধূমকেতুর মতো উদয় হয়ে মুক্তিযুদ্ধের কিংবদন্তিতে রূপান্তরিত হয়েছিলেন। তাকে বাদ দিয়ে একাত্তরের রণাঙ্গনের যুদ্ধ অথবা পঁচাত্তর-পরবর্তী বাংলাদেশের রাজনৈতিক আলোচনা সম্পূর্ণ হওয়ার নয়। ৪০টা বছর চলে গেল, তিনি আমাদের মাঝে নেই। তবুও তাকে বাদ দিয়ে কোনো আলোচনা হয় না। তা পক্ষে অথবা বিপক্ষে। তিনি সবকিছুর কেন্দ্রবিন্দুতে আছেন। স্বাধীনতা ঘোষণার প্রসঙ্গটি যদি সামনে আনি, তাহলে এক দল খুব দৃঢ়তার সঙ্গে তার পক্ষে কথা বলবে। তার বিপক্ষে বলারও লোক পাওয়া যাবে। তিনি রণাঙ্গনে সাহসিকতার সঙ্গে লড়েছেন। তার পরও কিছু ব্যক্তি ও গোষ্ঠী তো এই বাংলাদেশে আছেন। এদের কাজই হচ্ছে সবকিছুতে কোনো না কোনো মহলকে খুশি করার জন্য নিজের মনগড়া কথা তারা বলবেন। তাতে কি শহীদ জিয়াউর রহমানের সাহসিকতার অমর ইতিহাস পাল্টানো সম্ভব! আমার তো তা মনে হয় না।



২. বগুড়ার গাবতলীতে এই আলোচিত মহান নেতার জন্ম হয়েছিল। সেখানেই তার প্রাথমিক জীবনের শুরু। তারপর পিতার সঙ্গে কলকাতায় প্রাথমিক এবং কলেজ জীবনে লেখাপড়া। ভারত ও পাকিস্তান নামে দুটি রাষ্ট্রের জন্ম হলে তরতাজা তরুণ জিয়াউর রহমান পিতার হাত ধরে পাকিস্তানে চলে আসেন। আমরা যতটুকু জানি, তার পিতার কর্মস্থল পশ্চিম পাকিস্তানে হওয়ার কারণে তিনি সেখানে নতুন করে শিক্ষাজীবন শুরু করেন। পরে কর্মজীবনের শুরুতে সেনাবাহিনীতে যোগদান করেন। ১৯৬৫ সালে পাকিস্তান ভারতের সঙ্গে যুদ্ধে জড়িয়ে পড়লে তরুণ ক্যাপ্টেন জিয়াউর রহমান বীরত্বপূর্ণ যুদ্ধে বাঙালির ভাবমূর্তিকে উজ্জ্বল করেন। রণাঙ্গন ছিল খেমকারান। এর পর জিয়াউর রহমান বীরউত্তমের সবচেয়ে বড় ঘটনাটি তার জীবনে ঘটে যায় ১৯৭১ সালের ২৬ মার্চ দিবাগত রাতে তার স্বাধীনতার ঘোষণা সারা বাংলায় বিদ্যুতের মতো ছড়িয়ে যায়। একজন মেজর ইতিহাসের মহান ব্যক্তি হিসেবে লাল কালিতে নিজের নাম লিপিবদ্ধ করেন। মুক্তিযুদ্ধের ৯ মাসে শুধু সেক্টর কমান্ডার নয়; রণাঙ্গনে মুক্তিযুদ্ধের জেড ফোর্সের অধিনায়ক যুদ্ধ কাকে বলে তা দেখিয়ে দেন হানাদার বাহিনীকে। ৯ মাসের মুক্তিযুদ্ধে বিজয়ের পর তিনি সেনাবাহিনীর উপপ্রধান হিসেবে সেনাবাহিনীর উন্নয়ন ও পুনর্গঠনে বিশেষ ভূমিকা রাখেন। তিনি সেনাবাহিনীর সবচেয়ে জনপ্রিয় চৌকস ব্যক্তিত্ব হিসেবে সবার কাছে আদরের মানুষ ছিলেন।

৩. ১৯৬৫ সালে ভারতের বিরুদ্ধে পাকিস্তানের যুদ্ধের পর শহীদ জিয়াউর রহমানের জীবনের সবচেয়ে বড় ঘটনা হচ্ছে ৭১ সালের মুক্তিযুদ্ধ। মুক্তিযুদ্ধ তাকে ইতিহাসের মহানায়কের স্বীকৃতি দিয়েছে। তৃতীয় ঘটনাটি হচ্ছে বাংলাদেশের রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ। যে মানুষটি বাংলাদেশের জন্য রণাঙ্গনে মুক্তিযুদ্ধ করেছেন জীবন বাজি রেখে, তিনি যখন দেশের রাষ্ট্রপতির দায়িত্ব নিচ্ছেন, তখন তো দায়িত্ব অনেক। সে দায়িত্ব তিনি প্রথম দিন থেকেই শুরু করেছিলেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধ হয়েছিল গণতন্ত্র, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ থেকে। এক দল থাকলে তো গণতন্ত্র হয় না। তাই সবকিছুর আগে তিনি বহুদলীয় গণতন্ত্রের পুনরুজ্জীবন দান করেন। সব রাজনৈতিক দলকে মুক্ত করে দেন। সংবাদপত্র প্রকাশ করার অধিকার মুক্ত করে দেন। জাতীয় প্রেস ক্লাবের মূল ভবনের উদ্বোধন করেন তিনি। সংবাদমাধ্যমের দলন নীতির বিপরীত অবস্থান নিয়েছিলেন তিনি। শহীদ জিয়াউর রহমান রাষ্ট্রপতির দায়িত্ব নেওয়ার পর তিনি যেসব সিদ্ধান্ত গ্রহণ করতে থাকেন; তা দেখে মনে হয়, বাংলাদেশ নতুন করে গণতন্ত্র ও স্বাধীনতার জীবনের মধ্যে ঢুকে গেল। ১৯৭৯ সালে জাতীয় সংসদের দ্বিতীয় নির্বাচন অনুষ্ঠিত হলো। সেটিও একটি ঐতিহাসিক ঘটনা। এ নির্বাচনে চারটি রাজনৈতিক দল জাতীয়তাবাদী ফ্রন্ট নামে একটি ফ্রন্ট গঠন করে। এই ফ্রন্টের প্রধান ছিলেন শহীদ জিয়াউর রহমান বীরউত্তম। এই ফ্রন্ট নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে সরকার গঠন করে। এই জাতীয়তাবাদী ফ্রন্ট এক সময় বাংলাদেশ জাতীয়তাবাদী দল হিসেবে আত্মপ্রকাশ; সংক্ষেপে বিএনপি।

৪. শহীদ জিয়াউর রহমান অর্থনৈতিক, সামাজিক, কৃষি, শিল্প, সংস্কৃতির যে সংস্কার করেন, তা বাংলাদেশের ইতিহাসে স্বর্ণযুগ হিসেবে চিহ্নিত। তিনি কিছু গণমুখী সামাজিক ও অর্থনৈতিক কর্মসূচি গ্রহণ করেন, যা জনসাধারণকে আকৃষ্ট করেছিল। খাল খনন কর্মসূচি এর অন্যতম। ওই সময় তিনি দেড় হাজারের বেশি খাল খনন ও পুনর্খনন করেছিলেন। যার অর্থনৈতিক সুফল জনসাধারণ পেয়েছে। ১৯৭৭-৭৮ সালে খাদ্যশস্য রেকর্ড পরিমাণ উৎপাদিত হয়। ১৯৭৪ সালের ভয়াবহ দুর্ভিক্ষের পর জিয়াউর রহমানের সঠিক নেতৃত্বে প্রথম খাদ্য রপ্তানি করে বাংলাদেশ। সে সময় প্রবৃদ্ধির হার ছিল ৬ দশমিক ৪ শতাংশ। এ ছাড়া গণশিক্ষা কার্যক্রম, গ্রাম সরকার, গ্রাম প্রতিরক্ষা বাহিনী গঠনসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেন। তিনি জনসাধারণকে ধারণা দেওয়ার চেষ্টা করেন- রাষ্ট্র পরিচালনায় তাদেরও শরিকানা রয়েছে। তৃণমূলকে জাগিয়ে তুলতে পেরেছিলেন তিনি।

দেশের অর্থনীতির ভিত গড়ে দিয়েছিলেন জিয়াউর রহমান। তিনি সমাজতান্ত্রিক অর্থনীতি থেকে মুক্তবাজার অর্থনীতির পথ সৃষ্টি করেছেন। তিনি প্রথম বিদেশে জনশক্তি রপ্তানি শুরু করেছিলেন। মধ্যপ্রাচ্যে শ্রমিক পাঠানোর উদ্যোগ জিয়া সরকারের আমলেই নেওয়া হয়। সেই জনশক্তি আজ আমাদের অর্থনীতির মূল স্তম্ভ। যে পোশাকশিল্প ও রেমিট্যান্সের ওপর দেশের অর্থনীতি দাঁড়িয়ে আছে, তার সূচনা হয়েছিল জিয়াউর রহমানের আমলেই। তিনি পোশাক রপ্তানির উদ্যোগ নিয়েছিলেন। তরুণ উদ্যোক্তাদের ধরে ধরে এনে জামানত ছাড়া ব্যাংকের লোন দিয়ে গার্মেন্ট ব্যবসা শুরু করেন। সেই গার্মেন্ট এখন বাংলাদেশের প্রধান বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত।

জিয়াউর রহমান এ দেশে স্বাধীনতা পুরস্কার ও একুশে পদক প্রচলন করেছেন। পরিবার পরিকল্পনা কর্মসূচি তার আমলেই শুরু হয়। তার সময়ে নেওয়া বিভিন্ন পদক্ষেপ প্রকৃতপক্ষেই জনসাধারণের জন্য সুফল এনেছিল। এখন দেশে বৃহৎ ওয়াটার রিজার্ভার বা পানি সংরক্ষণাগারের কথা বলা হয়। খাল খনন এই ওয়াটার রিজার্ভারেরই ৭০ দশকের রূপ। সেই সময়কে বলা হয় তলাবিহীন ঝুড়ি থেকে স্বাবলম্বী একটি সময়ে দাঁড় করানো।

ড. ইউনূসকে ক্ষুদ্রঋণ কর্মসূচি শুরু করতে সহায়তা করেছিলেন জিয়া। আইসিডিডিআর,বি প্রতিষ্ঠিত হয় সে সময়ে। জিয়াউর রহমানের আমলে ব্যক্তিমালিকানাধীন পুঁজির পরিবর্তে বেসরকারি প্রাতিষ্ঠানিক খাতের বিকাশ ঘটে। ব্র্যাক, প্রশিকাসহ বিভিন্ন প্রতিষ্ঠান বড় পরিসরে কাজ শুরু করে। পল্লী বিদ্যুতায়ন তার সময়ের সৃষ্টি। এর মাধ্যমে তিনি ক্ষুদ্রশিল্পকে গ্রামীণ পর্যায়ে নিয়ে যান।

পররাষ্ট্রনীতিতে বড় ধরনের পরিবর্তন নিয়ে আসেন শহীদ জিয়া। তার সুদক্ষ পররাষ্ট্রনীতির কারণে ভারতের সঙ্গে ফারাক্কা চুক্তি ও সার্ক গঠন সম্ভব হয়েছিল। আঞ্চলিক রাজনীতির প্রভাবকে এককভাবে মোকাবিলা করে তিনি সবাইকে সঙ্গে নিয়ে দক্ষিণ এশিয়ার রাজনীতিতে ভারসাম্য আনতে চেয়েছিলেন। ওই সময়ের আঞ্চলিক রাজনীতিতে সার্কের উদ্যোগ নেওয়া সহজ ছিল না। আর ফারাক্কা বাঁধ নিয়ে জাতিসংঘে অভিযোগ দাখিল করা ছিল অত্যন্ত সাহসিকতার বিষয়।

বাংলাদেশি জাতীয়তাবাদীর স্বপ্ন বাস্তবায়নে দৃপ্ত পদে এগিয়ে যাওয়া শহীদ জিয়াউর রহমানের দিকে তাকালে মনে হয়- তিনি এলেন, দেখলেন, জয় করলেন। তার সবকিছুই যেন ইতিহাসের পৃষ্ঠায় মোড়ানো। বীরউত্তম যখন এই ধরাধাম থেকে কোনো ঘোষণা ছাড়াই হঠাৎ চলে যাচ্ছেন, তখন এই ঢাকা শহরে লাখো মানুষ কেন রাস্তায় নেমে তার জানাজায় যাওয়ার জন্য উদ্ভ্রান্তের মতো ছুটে চলেছেন- কোথায় জিয়া, কোথায় জিয়া! ৪৫ বছরের জীবনে এতকিছু করা সম্ভব- তার জ্বলন্ত প্রমাণ শহীদ জিয়াউর রহমান বীরউত্তম।

লেখক: ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

৪০ বছর আগের একটি

(শেষের পাতার পর)

আমি পরে দেখে এসেছি)। ১ জুন তা ঢাকায় আনা হয়। সম্ভবত: পরের দিন ২ জুন মানিক মিয়া এভিনিউতে জানাযা শেষে সংসদ ভবনের পাশে শেরে বাংলা নগরের একটি পতিত জায়গায় (পরবর্তীকালে জায়গাটির নামকরণ করা হয় চন্দ্রিমা উদ্যান) দাফন হয়।

আমি তখন একটি দৈনিকের রিপোর্টার। এ্যাসাইনমেন্ট ছাড়াও কিছুটা ব্যক্তিগত আগ্রহে পুরো পর্বে অংশ নেই। মানিক মিয়া এভিনিউয়ে অনুষ্ঠিত জানাযা এক পর্যায়ে জনসমুদ্রের রূপ নেয়। পুরো চত্বরটির ধারনক্ষমতা দুই লাখের মত, সেদিন গোটা এলাকা ছিল লোকে লোকারণ্য। বলার অপেক্ষা রাখে না অতবড় জানাযা ছিল সমসাময়িককালের ইতিহাসে একটি বিরল ঘটনা।

আমি ছিলাম আসাদ গেটের ওদিকটায়। তবে দাঁড়াতে পেরেছিলাম প্রথম দুই তিন সাঁড়ির মধ্যেই। অল্পসময়ে নামাজ হয়ে গেল। কফিনে রাখা মৃতদেহটি ছিল সেনাবাহিনীর তত্বাবধানে। তবে কাপড় সড়িয়ে মুখ দেখানোর কোন অবস্থা ছিল না। জানাযা শেষ হওয়ার সাথেসাথেই ওরা কফিন নিয়ে রওনা হলো কবর দেয়ার নির্দিস্ট স্থানের উদ্দেশ্যে। আমাকে সেখানটায় যেতে হবে। যে ভীড়, ভেবে দেখলাম কফিনের সাথে যেতে গেলে পাত্তাই পাবো না। আমি ভিন্নপথ ধরি। সংসদ ভবনের উত্তর পাশের রাস্তা ধরে শর্টকাটে এসে যাই পশ্চিম ধারে। দ্রুত পা চালিয়ে চলে আসি কবর দেয়ার জায়গায়। একটু উঁচুমত স্থান। লোকজন চলে আসছিল। ভীড় দেখে ততক্ষণে পুলিশ কর্ডন দিয়ে ফেলেছে। মন্ত্রী বা ভিআইপি ছাড়া কাউকে ঢুকতে দিচ্ছে না। অমি সাংবাদিক পরিচয় দিয়ে কোনমতে ঢুকে যাই। নির্দিস্ট স্থানে এসে দেখি কবরখোরা হয়ে গেছে। দুইতিনজন লোক শেষ মুহূর্তের ড্রেসিং করছে। মন্ত্রী পরিষদের অনেকে এসে গেছে। সাংবাদিকও বেশ কয়েকজন ছিলেন। সি নিয়র দের মধ্যে গিয়াস কামাল ভাই আতিক ভাই আতাউস সামাদ ভাই তোজা ভাইয়ের কথা মনে করতে পারছি। আর্মির কিছু লোক ছিলো। পুরো ব্যাপারটি ছিল ওদের তত্বাবধানে। তবে আমাদের উপস্থিতি নিয়ে কোন আপত্তি করলো না। কফিন আসতে দেরী হচ্ছে। জানাযা শেষে মরদেহ নিয়ে আর্মির বোধহয় কিছু আনুষ্ঠানিকতা ছিল। অভ্যাগতরা গাম্ভীর্য বজায় রেখে নীচুগলায় নিজেদের মধ্যে গল্পগুজব করছিলেন। এমন সময় এলেন প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান। সামনে পেলেন স্বরাষ্ট্রমন্ত্রী কর্নেল (অব) মুস্তাফিজুর রহমানকে। বেশ গম্ভীরকণ্ঠে বললেন, মুস্তাফিজ তোমার ডেপুটি মিনিস্টারকে তো পুলিশ আটকে রেখেছে। যাও, ছাড়িয়ে নিয়ে এসো। আমরা হতবাক! পুলিশের মন্ত্রীকে পুলিশ ভেতরে ঢুকতে দিচ্ছে না!

হোমের ডেপুটি মিনিস্টার ছিলেন শেরপুর থেকে নির্বাচিত প্রফেসর আব্দুস সালাম। আমি তাকে স্যার বলতাম। আমাকেও তিনি ভাল জানতেন। ঘটনাটা হয়েছে কি, বেটেখাটো ভদ্রলোক, সাধারনত: পাজামা পাঞ্জাবী পড়তেন। একদম আম পাবলিকের মতো দেখতে। সেদিন সঙ্গে বোধহয় স্টাফ কেউ ছিলনা, পুলিশ চিনতে না পেরে তাকে কর্ডনের ভেতরে ঢুকতে দিচ্ছিল না! এই ঘটনাটা শাহ আজিজ দেখে এসেছেন। মুস্তাফিজ সাহেব বলেন দেখতো কি কান্ড! সঙ্গে সঙ্গে একজনকে পাঠান প্রফেসর সাহেবকে ভেতরে আনতে। অবশ্য এর মধ্যে স্যার চলে আসেন। হয় পুলিশকে তিনি ম্যানেজ করতে পেরেছিলেন অথবা পুলিশ শেষ পর্যন্ত তাদের মন্ত্রীকে চিনতে পেরেছিল। স্যার ভীষণ রাগ। বলেন, এটা কোন কথা হলো, এত বলি আমি হোমের ডেপুটি মিনিস্টার, ওরা আমার কথা বিশ্বাষই করে না! আমরা মুখ টিপে হাসি।

যাই হোক, কিছুক্ষণ পর আর্মি তাদের সামরিক কায়দায় মরদেহবাহী কফিনটি নিয়ে আসে। আনুষ্ঠানিকতা শেষে তা কবরে নামানো হয়। এখানেও মুখ দেখানো হয় না। কেউ সে কথা তোলেও নাই, তবে কানাঘুষায় শুনলাম গুলীতে চেহারা বিকৃত হয়ে গেছিল, তাছাড়া কয়েকদিনের টানাহ্যাচড়ায় মরদেহ স্বাভাবিক অবস্থায় ছিল না। এরপর মাটি দেয়ার পর্ব। সবাই একদুই মুঠি করে মাটি কবরে দিতে থাকে। আমি পাশেই দাঁড়িয়ে ছিলাম, দোনোমোনো করছিলাম আমারও কিছু মাটি ফেলা ঠিক হবে কিনা, কারন আমি তো পেশাগত দায়িত্ব পালনে এসেছি। দেখলাম সিনিয়ররাও মুঠোমাটি ফেলছে।

জিয়াউর রহমান সাহেবের ওপর আমার কিছুটা রাগভাব ছিল। তিনি পঙ্গু মুক্তিযোদ্ধা একজন বীরোত্তম, কর্ণেল (অব) তাহেরকে হত্যা করিয়েছিলেন। এটা আমি কোনদিনই মানতে পারি নাই। তবে ওই মুহূর্তে তার কবরের পাশে দাঁড়িয়ে রাগভাবটা অনুভুত হলো না। মনে হলো, উনিও তো চলেই গেলেন। ক্রমশ: মাটিতে ঢেকে যাওয়া কফিনটার দিকে তাকিয়ে একমুঠ মাটি নিয়ে ফেলি কবরে। আরও একমুঠ। আরও একমুঠ। মনে হলো একটা বিরল ঘটনার স্বাক্ষী হয়ে রইলাম!

বি: দ্র: লেখাটি বছর তিনেক আগে একবার ফেসবুকে পোস্ট করেছিলাম। ৩০ মে, জিয়াউর রহমানের মৃত্যু দিবসে আরও একবার স্মৃতিতর্পণ।

যুক্তরাষ্ট্রে করোনায়ও আগ্নেয়াস্ত্র বিক্রির

(শেষের পাতার পর)

প্রথমবারের মতো অস্ত্রের মালিক হয়েছেন। প্রেসিডেন্ট নির্বাচনের সময় এ অস্ত্র বিক্রির হার বেড়ে যায়। অস্ত্র বিক্রি বৃদ্ধির সঙ্গে গুলি করে মানুষ হত্যার ঘটনাও হু হু করে বাড়ছে। নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে বলা হয়েছে, গত বছরে যে পরিমাণ অস্ত্র বিক্রি হয়েছে তা এর আগে কখনো লক্ষ করা যায়নি। আর চলতি বসন্তের এক সপ্তাহে ১২ লাখ অস্ত্র বিক্রি হয়েছে।

নর্থ-ইস্টার্ন ইউনিভার্সিটি ও হার্ভার্ড ইনজুরি কন্ট্রোল রিসার্চ সেন্টারের তথ্য বলছে, গত বছর প্রায় এক-পঞ্চমাংশ প্রথমবারের মতো অস্ত্র কিনেছেন। তাঁদের মধ্যে অর্ধেক নারী, এক-পঞ্চমাংশ কৃষ্ণাঙ্গ এবং বাকি এক-পঞ্চমাংশ হিসপানিক জাতিগোষ্ঠীর। ডেভিসে ইউনিভার্সিটি অব ক্যালফোর্নিয়ার অস্ত্র বিশেষজ্ঞ গ্যারেন জে. উইনটেমিউট বলেন, 'বর্তমান আগ্নেয়াস্ত্র বিক্রির এ প্রবাহ আমরা আগে কখনোই লক্ষ করিনি। এদিকে, ইউনিভার্সিটি অব শিকাগোর রিসার্চ সেন্টারও এ নিয়ে একটি জেনারেল সোশ্যাল সার্ভে পরিচালনা করেছে। তাদের জরিপের তথ্য বলছে, যুক্তরাষ্ট্রের ৩৯ শতাংশ পরিবারে রয়েছে আগ্নেয়াস্ত্র। ২০১৬ সালে যা ছিল ৩২ শতাংশ পরিবারে। আর চলতি বছর জানুয়ারিতে ২৩ লাখ আমেরিকান অস্ত্র কিনেছেন। গত জুলাই থেকে এটিই ছিল সবচেয়ে বেশি অস্ত্র বিক্রির মাস।

ফ্লোরিডায় নিহত ২ আহত ২৫

এদিকে, ফ্লোরিডায় একটি কনসার্ট হলের বাইরে বন্দুকধারীর হামলায় অন্তত দুইজন নিহত এবং ২৫ জনের বেশি মানুষ আহত হয়েছে। মিয়ামির উত্তরের হায়েলিয়াহ নগরীতে রোববার ভোরে গোলাগুলির ওই ঘটনা ঘটে। পুলিশের পরিচালক আলফ্রেডো রামিরেজ সাংবাদিকদের জানান, একটি সাদা গাড়ি থেকে হঠাৎ তিন ব্যক্তি রাইফেল ও হাতবন্দুক নিয়ে বেরিয়ে এসে ভিড় লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি ছুড়তে শুরু করেন। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে এক জনের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছে পুলিশ। গুলি চালানোর পর সন্দেহভাজন তিন ব্যক্তি ঘটনাস্থল থেকে পালিয়ে গেছে। তাদের এখনও গ্রেপ্তার করা সম্ভব হয়নি। পুলিশ প্রধান রামিরেজ বলেন, "বন্দুক হাতে এ ধরনের নৃশংসতা এখনই থামাতেই হবে। প্রতি সপ্তাহেই একই ধরনের ঘটনা ঘটছে। এটা পরিকল্পনা করে করা হচ্ছে।

সেই বন্দুকধারীর বাড়ি থেকে গোলাবারুদ, ১২টি আগ্নেয়াস্ত্র

অপরদিকে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার সান হোসের রেল ইয়ার্ডে গুলি চালিয়ে নয়জনকে হত্যা করা সেই বন্দুকধারীর বাড়ি থেকে ২২ হাজার রাউন্ড গোলাবারুদ, ১২টি আগ্নেয়াস্ত্র এবং ২০ ক্যানের বেশি পেট্রোল উদ্ধার করেছে পুলিশ। রেল ইয়ার্ডেরই এক পরিবহন কর্মী গত বুধবার (২৬ মে) বন্দুক হামলা চালানোর পর আত্মহত্যা করে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে ১৯৯৩ সালের পর এটিই সবচেয়ে ভয়াবহ বন্দুক হামলার ঘটনা।

ক্যালিফোর্নিয়ার স্থানীয় শেরিফের কার্যালয় থেকে জানানো হয়েছে, সান হোসের ঘটনাটি পরিকল্পনা করেই ঘটানো হয়েছিল। হামলাকারীর লক্ষ্য ছিল যত বেশি সম্ভব মানুষ মারা। সেজন্য আগ্নেয়াস্ত্র নিয়ে সে প্রস্তুত হয়ে এসেছিল। তাছাড়া, হামলার আগে সেই ব্যক্তি নিজের বাড়িতেও আগুন লাগিয়েছিল বলে জানিয়েছে পুলিশ। সংবাদ সম্মেলনে পুলিশের এক মুখপাত্র জানান, হামলাকারীর বাড়িতে বিভিন্ন স্থানে বন্দুক লুকানো ছিল। রান্নাঘরে স্টোভের ওপর রান্নার পাতিলেও পাওয়া গেছে বুলেট।

মাস্ক পরে থাকায় ব্রণ হলে

(শেষের পাতার পর)

গিয়েছে। করোনার দ্বিতীয় ঢেউয়ে উদ্বিগ্ন সবাই। অদৃশ্য এই ভাইরাসকে রুখে দিতে বেশির ভাগ মানুষই জীবনের অংশ করে নিয়েছেন মাস্ককে। অতিমারিতে সারাক্ষণ নাক মুখ ঢেকে রাখছেন মাস্ক দিয়ে। এক নাগাড়ে মাস্ক পরে থাকার কারণে ছোটবড় সব বয়সীদেরই অ্যাকনে ভালগারিসের প্রবণতা বাড়ছে।

ব্রণের আরেক নাম অ্যাকনে ভালগারিস। ত্বকের নীচে সেবেসাস নামের যে গ্রন্থি থাকে তা থেকে নিঃসৃত সেবাম বাইরের ঘাত প্রতিঘাত থেকে ত্বককে সুরক্ষা দেয়ার পাশাপাশি ত্বককে কোমল ও মোলায়েম রাখতে সাহায্য করে। বিভিন্ন কারণে রোমকূপের মুখ আটকে গেলে ব্রণ হয়। মূলত: মুখেই বেশি ব্রণ দেখা যায়। তবে বুকে, পিঠে বা নিতম্বেও এই স্কিন র ্যাশ হতে পারে। এর সঙ্গে জীবাণুর সংক্রমণ হলে বেশি ব্রণের ঝুঁকি দেখা দেয়। ব্যাকটেরিয়ার কারণে বেশি ব্রণ হলে স্কিন সায়েন্সে একে প্রোপাইনে ব্যাকটেরিয়াম অ্যাকনে বলে। এছাড়া কালো আর সাদাটে ব্রণের মতো ফুসকুড়িকে বলে ব্ল্যাক আর হোয়াইট হেডস।

ব্রণ বা যে কোনো স্কিন র ্যাশের সমস্যার মূলে থাকে অপরিচ্ছন্নতা। তাই সবসময় মুখ পরিষ্কার রাখা দরকার। যাদের দীর্ঘসময় কর্মক্ষেত্রে কাজ করতে হয়, তাদের এই সমস্যার ঝুঁকিটা তুলনামূলক বেশি। কাজের মাঝে সম্ভব হলে অফিসের ফাঁকা করিডরে গিয়ে মাস্ক খুলে কিছুক্ষণ থেকে মাস্ক স্যানিটাইজ করে আবার পরে নিতে পারেন। কিংবা অফিসে খাবার আগে মাস্ক খুলে মুখ হাত সাবান দিয়ে ধুয়ে নিয়ে খাবার পর মুখে ময়েশ্চারাইজার লাগিয়ে অন্য পরিষ্কার মাস্ক পরে নিন। ব্রণ হলে কখনোই হাত দেওয়া ঠিক নয়, এতে করে কালো দাগ হওয়ার সম্ভবনা থাকে। সার্জিক্যাল ফেস মাস্ক যে উপাদানে তৈরি, তা ভাইরাস আটকাতে কার্যকর হলেও ত্বকবান্ধব নয়। তুলনামূলক ভাবে সার্জিক্যাল মাস্ক থেকে পরিষ্কার সুতির কাপড়ের মাস্ক অনেক বেশি নিরাপদ ব্রণের ঝুঁকি থেকে বাঁচতে। অন্যদিকে, রঙিন মাস্ক থেকে অ্যাকনে ও ইরাপশনের ঝুঁকি বাড়ে। মূলত রংয়ের ব্যবহৃত রাসায়নিক এই সমস্যার জন্য দায়ী। যাদের অত্যন্ত বেশি ব্রণ বা অ্যাকনের সমস্যা আছে, তারা অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিয়ে ওষুধ ব্যবহারের পাশাপাশি অয়েল ফ্রি লোশন ব্যবহার করে মাস্ক পরতে পারেন। তবে, দেহে হরমোনের সমস্যার কারণেও ব্রণ হতে পারে। বয়ঃসন্ধি কাল থেকে ব্রণের সূত্রপাত হলেও এ সমস্যা হতে পারে পঞ্চাশের দোরগোড়ায়ও। এক বলে অ্যাডাল্ট এ্যাকনে। বিশেষত মেনোপজের সময় মহিলাদের শরীরে একাধিক হরমোনের মাত্রার তারতম্য ঘটে। ত্বকে বেশি বেশি ব্রণের সমস্যা দেখা দিলে নিজে থেকে টোটকা চিকিৎসা না করে চিকিৎসকের পরামর্শ নিতে দেরি করবেন না।

জ্যামাইকায় সাবুল

(শেষের পাতার পর)

বাংলাদেশী-আমেরিকান সাবুল উদ্দিনের সমর্থনে জ্যামাইকায় সভা হয়েছে। সভায় আগাম ভোট দেয়ার উপর গুরুত্বারোপ করা হয়। উল্লেখ্য, ১২ জুন থেকে শুরু হচ্ছে আগাম ভোট প্রদান। খবর ইউএনএ'র।

বৃহস্পতিবার সন্ধ্যায় জ্যামাইকাস্থ কাউন্সিলম্যান পদপ্রার্থী সাবুল উদ্দিনের নির্বাচনী অফিসে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ও রিয়েল এস্টেট ব্যবসায়ী মোহাম্মদ সাইফুল ইসলাম। সভায় স্বাগত বক্তব্য রাখেন মূলধারার উদয়মান রাজনীতিক ও ব্যবসায়ী, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার। এছাড়াও সভায় কাউন্সিলম্যান পদপ্রার্থী সাবুল উদ্দিন ছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ফ্রেন্ডস সোসাটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গনি, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, জ্যামাইকা মুসলিম সেন্টারের সেক্রেটারী মনজুর আহমেদ চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আখতার রহমান টিপু, সেবুল মিয়া, মোহাম্মদ এ মুক্তাদীর, এম এ কদ্দুস, মামুনুর রশীদ শিপু, মতিউর রহমান, বজলুল হক, রিজু মোহাম্মদ প্রমুখ।

সভায় বক্তারা বলেন, সিটি হলে বাংলাদেশী কমিউনিটির প্রতিনিধি নির্বাচিত করার সময় ও সুযোগ এসেছে। এই সুযোগ কাজে লাগাতে হবে। এজন্য সকল ভোটারকে কেন্দ্রে গিয়ে সাবুল উদ্দিনকে ভোট দেয়ার জন্য ভোটার প্রতি আহ্বান জানান। বক্তারা বলেন, যেহেতু র‍্যাঙ্কিং চয়েজ ভোটিং সিস্টেম এ ভোট হবে তাই একাধিক প্রার্থীকে ভোটর দেয়ারও সুযোগ রয়েছে। সে ক্ষেত্রে ডিষ্ট্রিক্ট ২৪ থেকে বাংলাদেশীকে নির্বাচন করার যথেষ্ট সুযোগ রয়েছে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন।

শান্তির অপেক্ষায়

(শেষের পাতার পর)

এই জনপদে প্রবেশ কোরো; তার যেখানে চাও সুখে-স্বাচ্ছন্দ্যে খাওয়া-দাওয়া কোরো; আর 'ক্ষমা কোরো' বলতে বলতে মাথানত করে ফটকে প্রবেশ কোরো; আমি তোমাদের পাপগুলো ক্ষমা করে দেব এবং নেককারদের আরো বেশি দেব।' (সুরা বাকারা : ৫৮)

তাফসিরবিদরা শহরটির নাম 'বায়তুল মাকদিস' বলে উল্লেখ করেছেন [ইবন আবি হাতিম, ১/১১৬; ইবনুল জাওজি, জাদুল মাসির, ১/৮৪; তাবারি, ১/১০২-১০৩; সুদ্দি, ১১৪; আব্দুল রাজ্জাক, ১/৪৬]।

মুসলিমদের কাছে জেরুজালেম 'আল-কুদস' ও বায়তুল 'মাকদাস' নামে পরিচিত। আল-কুদস মানে পবিত্র আর বায়তুল মাকদিস মানে সুলাইমান (আ.) কর্তৃক তৈরি পবিত্র ইবাদতগৃহ। (আল-মুজামুল ওয়াসিত)

জেরুজালেম শব্দের উৎপত্তি: জেরুজালেম শব্দটি 'ইউরোসালেম' থেকে এসেছে, যা একটি কেনানি শব্দ। আরব ইয়াবুসি গোত্রের প্রথম শাসকের উপাধি ছিল 'সালিম'। সালিম অর্থ শান্তিপ্রিয়। তিনি শান্তিপ্রিয় ছিলেন বলে তাকে সবাই এই উপাধিতে ভূষিত করে। তার প্রকৃত নাম ছিল মালিক ইবনে সাদিক। ইয়াবুসি কোনো এক শাসক জেরুজালেমে ইবরাহিম (আ.)-কে স্বাগত জানান এবং আঙুর ও রুটি দিয়ে আপ্যায়ন করেছিলেন। (আল-আকসা ওয়াল কুদস, আল-ফাতাহ মুক্তি সংস্থার পুস্তিকা)

জেরুজালেমের আয়তন: জেরুজালেম প্রাকৃতিকভাবে দুই ভাগে বিভক্ত। পুরনো জেরুজালেম ও নতুন জেরুজালেম। ১৯৪৮ সালে দুই জেরুজালেমের মোট আয়তন ছিল ৪১ বর্গকিলোমিটার। আধুনিক জেরুজালেম ভূ-মধ্যসাগর ও মৃত সাগরের মধ্যবর্তী যোধাইয়ান পর্বতের মালভূমিতে সম্প্রসারিত হয়ে প্রায় ১২৫ বর্গ কিলোমিটারে ব্যাপ্তি লাভ করেছে। জনসংখ্যা প্রায় আট লাখ ৮২ হাজার ৬৫২ জন। তন্মধ্যে ইহুদি ৬৪ শতাংশ, আরব ৩৪ শতাংশ বাকি এক শতাংশ হচ্ছে অন্যান্য ধর্ম ও গোত্রের। আর পুরনো জেরুজালেম আধুনিক জেরুজালেমের অভ্যন্তরে অবস্থিত ০.৯ বর্গ কিমি (০.৩৫ বর্গ মাইল) আয়তনবিশিষ্ট চারদিকে দেয়ালঘেরা অঞ্চল। দেয়ালের দৈর্ঘ্য চার কিলোমিটার এবং উচ্চতা বারো মিটার। ১৫৩৬ সালে উসমানীয় সুলতান সুলাইমান পাঁচ বছরে এই দেয়াল নির্মাণ করেন।

তিন ধর্মের তীর্থ: পুরনো শহরটি ধর্মীয়ভাবে গুরুত্বপূর্ণ বেশ কিছু স্থান আছে। যেমন- মুসলিমদের কাছে ডোম অব দ্য রক ও আল-আকসা মসজিদ, ইহুদিদের কাছে টেম্পল মাউন্ট ও পশ্চিম দেয়াল এবং খ্রিস্টানদের কাছে চার্চ অব দ্য হলি সেপালচার। ১৯৮১ সালে এই অঞ্চলটি ইউনেসকোর বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে তালিকাভুক্ত হয়।

প্রাচীন ধর্ম গ্রন্থে জেরুজালেম: বাইবেল অনুযায়ী খ্রিস্টপূর্ব ১১০০ শতকে রাজা দাউদের জেরুজালেম জয়ের আগে শহরটি জেবুসীয়দের বাসস্থান ছিল। জেবুসীয় কিংবা ইয়াবুসীয় রাজা মালিক ইবন সাদিক শহরটি নির্মাণ করেছিলেন। এ সম্প্রদায়ের লোকেরা শহরে বাড়ি-ঘর নির্মাণ করেন এবং 'সাহইউন' পাহাড়ের ওপর প্রতিরক্ষা দুর্গ তৈরি করেন। তারা আল্লাহর অস্তিত্বে বিশ্বাসী ছিল। নবী মুসা (আ.)-এর ইন্তিকালের পর বনি ইসরাঈল ইউশা ইবন নুনের নেতৃত্বে জেরুজালেমে প্রবেশ করে। তারপর ৪৪০ খ্রিস্টপূর্বের দিকে পারস্য আমলে নেহেমিয়া ব্যাবিলন থেকে ফিরে আসেন ও শহরটি পুনর্নির্মাণ করেন। ৩২২ খ্রিস্টপূর্ব সালে আলেকজান্ডার মাকদুনির হাতে পরাজয়বরণ করার পর জেরুজালেমে বনি ইসরাঈলের কর্তৃত্বের অবসান হয়। রাজা দাউদ কর্তৃক শাসিত শহরটি পুরনো শহরের দেয়ালের দক্ষিণ পশ্চিমে অবস্থিত। তারপর রাজা সুলাইমান শহরের দেয়াল সম্প্রসারিত করেন।

কোরআনে জেরুজালে: পবিত্র কোরআনে কোথাও শহরটির নাম সরাসরি উল্লেখ হয়নি; কিন্তু শহরটির বিষয়ে বহু তথ্য আছে। যেমন-

১. শহরটির একটি পাহাড়ের নাম কোরআনে বিধৃত হয়েছে 'জায়তুন' নামে। (সুরা ত্বিন, আয়াত : ১-১)

২. এটা ছিল কোরআনে বিধৃত 'জালুত' বাদশাহর রাজ্য। (সুরা বাকারা, আয়াত : ২৫১)

৩. তারপর তা আরেক বাদশাহ 'তালুতের শাসনাধীন হয়। (সুরা বাকারা, আয়াত : ২৪৭-২৪৮)

৪. অবশেষে সে রাজ্যের নেতৃত্বে আসেন নবী দাউদ (আ.)। (সুরা বাকারা, আয়াত : ২৫১)

৫. তাঁর পর রাজ্যের উত্তারাধিকার লাভ করেন নবী সুলাইমান (আ.)। (সুরা বাকারা, আয়াত : ১০২)

৬. পুরনো জেরুজালেম শহরের দক্ষিণ-পূর্বদিকে রয়েছে 'বায়তুল মাকদিস' মসজিদ। পবিত্র কোরআনে মসজিদটি উল্লেখ করা হয়েছে 'আল-আকসা' নামে। (সুরা বনি ইসরাঈল, আয়াত : ১)

৭. মসজিদটির 'মিহরাব' নামক কক্ষটিও বিধৃত হয়েছে কোরআনে। সেখানে মারইয়াম (আ.) ইবাদত করতেন এবং তাঁর জন্য আল্লাহর পক্ষ হতে খাবার আসত। (সুরা আলে ইমরান, আয়াত : ৩৭)

৮. এটা ছিল ইসরার শেষ প্রান্ত ও মিরাজের প্রারম্ভ বিন্দু, যার চারপাশ বরকতময় এবং একই সঙ্গে আল্লাহর নিদর্শনে পরিপূর্ণ। (সুরা বনি ইসরাঈল, আয়াত : ১)

৯. এখানে সে-ই কিবলা রয়েছে যার দিকে নবীজি (সা.) প্রায় ষোলো-সতেরো মাস পর্যন্ত মুখ করে সালাত পড়েছিলেন। নবীজি (সা.)-এর ইচ্ছা হতো কাবার দিকে মুখ করে সালাত পড়ার- যা ইবরাহিম (আ.)-এর কিবলা ছিল। (সুরা বাকারা : ১৪২-১৪৩)

দুঃখের নগরী: জেরুজালেম একই সঙ্গে ঐতিহ্য ও দুঃখের নগরী। এ নগরীর পবিত্রতা নিয়ে মতভেদ না থাকলেও নিয়ন্ত্রণের অধিকার নিয়ে আছে নানা বিতর্ক। সুরা বাকারার ২৫৯ নম্বর আয়াতে এমন একটি ইতিহাস তুলে ধরেছে, যেখানে সর্বাধিক প্রসিদ্ধ মতানুযায়ী উজায়ির (আ.) বিধ্বস্ত জেরুজালেম নগরটিতে উপনীত হয়েছিলেন। (ইবনে আতিয়া আন্দালুসী : ১/৩০৬; তাবারি, ৫/৪৪২-৪৪৩)

ঐতিহাসিকরা নিশ্চিত করেছেন যে নগরীতে বনি ইসরাঈলের সীমালঙ্ঘনের কারণে প্রথমবার ব্যাবিলনীয় বাদশাহ বখতে নসর কর্তৃক ধ্বংসলীলা সংঘঠিত হয়। নবী ঈসা (আ.) তাদের দ্বিতীয়বার বিপর্যয়ের মুখে পড়ার বিষয়ে সতর্ক করেছিলেন। কিন্তু তাদের নানাবিধ সীমালঙ্ঘনের পরিপ্রেক্ষিতে তাইমুস নামক রোমান শাসক জেরুজালেম আক্রমণ করে ব্যাপক ধ্বংসযজ্ঞ পরিচালনা করে। কোরআন দ্বিতীয় বিপর্যয়ের দৃশ্যপটটিও তুলে ধরেছে। (সুরা বনি ইসরাঈল, আয়াত : ৭)

দ্বিতীয় ধ্বংসের পর ওই নগরীতে ইহুদিদের নেতৃত্ব চিরতরে নিষিদ্ধ করে দেওয়া হয়েছিল। ইরশাদ হয়েছে, 'আর যে জনপদকে আমি ধ্বংস করেছি তার অধিবাসীদের ফিরে আসা নিষিদ্ধ। অবশেষে যখন ইয়াজুজ ও মাজুজকে মুক্তি দেওয়া হবে এবং তারা প্রতিটি উচ্চভূমি হতে দ্রুত ছুটে আসবে।' (সুরা আম্বিয়া, আয়াত : ৯৫-৯৬)

অবশেষে ইহুদিরা ১৯৪৮ সালে সে-ই জনপদে ফিরে এসেছে। আর সে জনপদে আল্লাহ নির্ধারিত নীতি ক্রমাগত বাস্তবায়িত হচ্ছে। তা হলো, 'তোমরা যদি তোমাদের পূর্বআচরণের পুনরাবৃত্তি করো; তবে আমিও পুনরাবৃত্তি করব। (সুরা বনি ইসরাঈল : ৮)

আল আকসায় সাহাবিদের কবর: বর্তমানে মসজিদে আকসার পূর্বদিকে একটি দরজার নাম 'বাবুর রাহমাহ'।

সে দরজা সংলগ্ন মুসলিম কবরস্থানে শুয়ে আছেন সাহাবি উবাদাহ ইবনে সামিত (রা.) ও শাদ্দাদ ইবন আউস (রা.)। সপ্তম শতকে (৬৩৭ সালে) খলিফা ওমর ইবনুল খাত্তাবের শাসনামলে মুসলিমরা জেরুজালেম জয় করেছিলেন।

